# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

১১তম বর্ষ, ১ম সংখ্যা, জানুয়ারি-জুন, ২০১৮


## “মেধাবিকাশ, উন্মুক্ত চিন্তা-চেতনার উন্মেষ, বুদ্ধিভিত্তিক চর্চা ও প্রয়োগের শ্রেষ্ঠ কেন্দ্র হলো বিশ্ববিদ্যালয়”

-মহামান্য রাষ্ট্রপতি




০৪ এপ্রিল খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩য় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ।

“পাঠ্যপুস্তকভিত্তিক শিক্ষা এবং কেবল সনদ প্রদানই বিশ্ববিদ্যালয়ের মূল উদ্দেশ্য নয়; বরং মেধাবিকাশ, উন্মুক্ত চিন্তা-চেতনার উন্মেষ, বুদ্ধিভিত্তিক চর্চা ও প্রয়োগের শ্রেষ্ঠ কেন্দ্র হলো বিশ্ববিদ্যালয়। নতুন নতুন জ্ঞান সৃষ্টি, গবেষণা এবং সৃজনশীল কর্মকান্ডে যাতে শিক্ষার্থীরা সম্পৃক্ত হতে পারে তার দ্বার উন্মোচন করাই হলো বিশ্ববিদ্যালয়ের প্রকৃত লক্ষ্য ও উদ্দেশ্য। সুনির্দিষ্ট পাঠক্রমের পাশাপাশি বিশ্ববিদ্যালয়গুলোতে জ্ঞান-বিজ্ঞান, প্রযুক্তির উৎকর্ষ সাধন ও ব্যবহার এবং আবিস্কার সম্পর্কে নিজস্ব কর্মসূচি থাকতে হবে”। ০৪ এপ্রিল বুধবার বেলা ৩টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩য় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ কথাগুলো বলেন। তিঁনি আরো বলেন, “প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষা একটি জনগোষ্ঠীকে জনসম্পদে পরিণত করে। প্রকৌশলীদের মেধা, মনন ও সৃজনশীল চিন্তা থেকে বেরিয়ে আসে টেকসই উন্নয়নের রূপরেখা। তাই প্রকৌশলীদের চিন্তা ও চেতনায় থাকবে দূরদৃষ্টির সুস্পষ্ট প্রতিফলন। বিশ্বায়নের এই যুগে প্রতিনিয়তই প্রযুক্তির উৎকর্ষ সাধিত হচ্ছে এবং নতুন নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হচ্ছে। স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশের কাতারে উপনীত হয়েছে। স্বপ্নের পদ্মাসেতু আজ আমাদের সামনে দৃশ্যমান। এই রূপকল্প বাস্তবায়নের মাধ্যমে তোমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুখী-সমৃদ্ধ ‘সোনার বাংলা’ গড়তে এগিয়ে আসবে এ আমার দৃঢ় বিশ্বাস”।

সমাবর্তন বক্তা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক প্রফেসর ড. মোহাম্মদ আলী আসগর বলেন, “শিক্ষার সম্পর্ক জ্ঞানের সঙ্গে, যার জগৎ বিপুল ও বিকাশমান। মানুষের সবচেয়ে দুঃসাহসিক অভিযান হল জ্ঞানের জগতে। শিক্ষা লাভের মূল ভিত্তি অভিজ্ঞতা এবং শিক্ষার মূল লক্ষ্য বুদ্ধির আলোকে সেই অভিজ্ঞতাকে পরিশুদ্ধ করা”।

বিশেষ অতিথির বক্তৃতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন, “উন্নত জাতি গঠনের অপরিহার্য শর্ত হলো দূরদর্শী সিদ্ধান্ত গ্রহণে দক্ষ নাগরিক তৈরী এবং সচেতনতা বৃদ্ধিসহ জ্ঞানের প্রসার ঘটানো। বিশ্বায়নের পরিপূর্ণ সুযোগ গ্রহণ করতে হলে এবং আগামীর পৃথিবীতে মর্যাদার সঙ্গে টিকে থাকতে হলে নতুন জ্ঞান সৃষ্টির কোন বিকল্প নেই”।

ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, “এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, গবেষক ও গ্রাজুয়েটবৃন্দের বিচরণ ক্ষেত্র হবে নীলাভ সমুদ্রের তলদেশ থেকে সুনীল আকাশ পর্যন্ত। এজন্য প্রয়োজন আরো আধুনিক অবকাঠামো, দক্ষ জনবল ও বিশ্বমানের গবেষণার পরিবেশ সৃষ্টি করে শিক্ষক, শিক্ষার্থী ও উন্নত জ্ঞান-বিজ্ঞান-প্রযুক্তির মাঝে চমৎকার সেতুবন্ধন তৈরী করা”।

এসময় মঞ্চে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার ও রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। এছাড়া মন্ত্রিপরিষদের সদস্য, সংসদ সদস্যগণ, নির্বাচিত জন প্রতিনিধিগণ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, সামরিক বাহিনীর কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ায় কর্মরত সাংবাদিকবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, অভিভাবক ও গ্রাজুয়েটগণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাগণ সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সমাবর্তনে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর সর্বমোট ২৭৯৫ জনকে স্নাতক ও ২২৮ জনকে স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করেন। এর মধ্যে বিএসসি ইঞ্জিনিয়ারিং ২৬৫৭, বিইউআরপি ১৩৮, এমএসসি ৬৯, এমএসসি ইঞ্জিনিয়ারিং ১০৩, এমফিল ৪৮ এবং ০৮ জনকে পিএইচডি ডিগ্রীর সনদ প্রদান করা হয়। মহামান্য রাষ্ট্রপতি ০৭ জনকে নিজ হাতে পিএইচডি ডিগ্রীর সনদ তুলে দেন এবং স্নাতক পর্যায়ে ভালো ফলাফলের ভিত্তিতে ‘বিশ্ববিদ্যালয় স্বর্ণপদক’ পরিয়ে দেন ৩৬ জন কৃতি গ্রাজুয়েটকে। অনুষ্ঠানের শুরুতে ২৫ মার্চ ময়মনসিংহের ভালুকায় গ্যাস বিস্ফোরনে নিহত কুয়েট শিক্ষার্থীদের স্মরণে এক মিনিট দাড়িয়ে নিরবতা পালন করা হয়।

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত



কুয়েটে একুশের প্রথম প্রহরে বিশ্ববিদ্যালয়ের নব-নির্মিত কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে ২০ ফেব্রুয়ারি রাত ১০টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্ত্বরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। একুশের প্রথম প্রহর রাত ১২:০১ টায় বিশ্ববিদ্যালয়ে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এরপর পর্যায়ক্রমে পরিচালক (ছাত্র কল্যাণ), শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, হলসমূহের প্রভোস্ট ও ছাত্র-ছাত্রীগণ, বাংলাদেশ ছাত্রলীগ, কর্মচারী সমিতি (তৃতীয় শ্রেণী), কর্মচারী সমিতি (চতুর্থ শ্রেণী), বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, মাষ্টাররোল কর্মচারী সমিতি, স্বরে-অ, থিয়েটার, ধ্রুপদী, অচীন পাখি, ইএসই এ্যাসোসিয়েশন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল কর্মচারী, ওকেএস, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, মেসার্স সুমা ইঞ্জিনিয়ার্স, খানাবাড়ী যুব সংঘ ক্লাব ও লাইব্রেরীসহ বিভিন্ন সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যক্তির পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এছাড়া, মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন, সকাল ৯টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত ও দেশের শান্তি, কল্যাণ কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## যথাযোগ্য মর্যাদায় জাতীয় শিশু দিবস ২০১৮ উদ্‌যাপিত



কুয়েটে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০১৮ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষ্যে ১৭ মার্চ সকাল সাড়ে ৯টায় ক্যাম্পাসের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এরপর পর্যায়ক্রমে শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হল, কুয়েট ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, মাষ্টাররোল কর্মচারী সমিতি এবং কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের শিক্ষার্থীরা পুষ্পমাল্য অর্পন করেন। এর পূর্বে কুয়েটের সহযোগিতায় কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক) ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যৌথ উদ্যোগে সকাল সাড়ে ৭টায় ছাত্র-ছাত্রীদের জন্য কবিতা আবৃত্তি, রচনা, চিত্রাংকণ, হাতের সুন্দর লেখা ও নির্ধারিত বক্তৃতাসহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর (০৪ পৃষ্ঠায় দেখুন)

## যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত



কুয়েটে "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮" উপলক্ষ্যে ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য "দুর্বার বাংলা" এর পাদদেশে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮" উদ্‌যাপিত হয়েছে। ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর এর বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল সাড়ে ৯টায় ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য "দুর্বার বাংলা" এর পাদদেশে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। এরপর শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হলের প্রভোস্ট ও ছাত্র-ছাত্রীগণ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), মাষ্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, বঙ্গবন্ধু হল কর্মচারী, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। সকাল ১০টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। এছাড়া, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল এবং সন্ধ্যা সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও চলচ্চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

### কুয়েটে ১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

## "নবীন শিক্ষার্থীরাই বাংলাদেশকে নতুন দিগন্তে নিয়ে যাবে"

---কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মাঝে প্রধান অতিথি কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, তোমরা সোনার বাংলা নির্মাণের নতুন সৈনিক। নবীন শিক্ষার্থীরাই লক্ষ শহীদের রক্তের বিনিময়ে অর্জিত বাংলাদেশকে নতুন দিগন্তে নিয়ে যাবে। কুয়েট ভিসি শিক্ষার্থীদের মাদক এবং সন্ত্রাসী কর্মকান্ড থেকে দুরে থাকারও পরামর্শ দেন। তিনি আরও বলেন, তোমাদের মত নতুন প্রজন্ম দেশকে এগিয়ে নিয়ে যাবে। এদেশ পথ হারাবে না। অসাম্প্রদায়িক চেতনায় কুয়েট এগিয়ে যাবে। ২৫ জানুয়ারি বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এবং অনুষদের শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। এছাড়া বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ও স্বাগত বক্তৃতা করেন (০৩ পৃষ্ঠায় দেখুন)

## "এ্যাডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট চ্যালেঞ্জ" ও "ফোর্থ ওয়ার্কশপ অন এ্যাডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট এন ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এ্যাপ্রোচ" অনুষ্ঠিত



"এইএমসি ২০১৮" এ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "এ্যাডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট চ্যালেঞ্জ (এইএমসি) ২০১৮" অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের আয়োজনে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ০২ ফেব্রুয়ারি সকাল ৯টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। আইইএম বিভাগের ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান ড. মোঃ রফিকুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে জাতীয় পর্যায়ের একটি বাস্তবভিত্তিক সমস্যা সমাধানের প্রতিযোগিতা " এইএমসি ২০১৮"। এইএমসি গ্রন্থগত বিদ্যাকে হাতে কলমে প্রমান করার দলগত প্রতিযোগিতা, প্রতি দলে ৩ থেকে ৪ জন সদস্য অংশ নেয়। প্রতিযোগীদের বাংলাদেশের পোশাক শিল্পের প্রেক্ষাপটে একটি বাস্তবভিত্তিক সমস্যা সমাধান করতে দেওয়া হয়। চার রাউন্ডের প্রতিযোগিতার প্রথম রাউন্ডে দেশের ২০টি বিশ্ববিদ্যালয়ের ৬০টি দলের প্রতিযোগীরা তাদের প্রাথমিক ধারণাটি অনলাইনে প্রেরণ করেছিলো। সেখান থেকে যাচাই-বাছাই শেষে শ্রেষ্ঠ ২০টি দল চূড়ান্ত পর্বে অংশগ্রহণের সুযোগ পায়। অনুষ্ঠানে ২য়, ৩য় এবং ফাইনাল রাউন্ডের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চ্যালেঞ্জে চ্যাম্পিয়ন হয় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা, ১ম রানার-আপ হয় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা, ২য় রানার-আপ হয় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

০৩ ফেব্রুয়ারি শনিবার অনুষ্ঠিত "ফোর্থ ওয়ার্কশপ অন এ্যাডভান্স ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট এন ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এ্যাপ্রোচ ১৮" এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। আইইএম বিভাগের ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান ড. মোঃ রফিকুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। ওয়ার্কশপে কী নোট স্পীকার হিসেবে সেশন পরিচালনা করেন গিলডান-বাংলাদেশ একটিভওয়্যার এর সাপ্লাই চেইন এর অপারেশন সুপারিনটেনডেন্ট হেমেন্দ্র নাথ রায় এবং এমেরিকান এন্ড ইয়ার্ড বাংলাদেশ এর প্রোসেস ইমপ্রুভমেন্ট ম্যানেজার খান মোহাম্মদ ইব্রাহিম। অনুষ্ঠানে বিভাগের সাবেক শিক্ষার্থী ফসিয়ার রহমান, মোঃ আহসান হাবিব এবং ফারজানা নূর মিতু ভিডিও কনফারেন্সের মাধ্যমে তাদের বক্তব্য উপস্থাপন করেন।

## "নবীন শিক্ষার্থীরাই বাংলাদেশকে নতুন দিগন্তে নিয়ে যাবে"

(০২ পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার ও সেকশন অফিসার (গ্রেড-২) তানিয়া হুদার সঞ্চালনায় অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট পরিচালকগণ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, অন্যান্য পরিচালকগণ, বিভিন্ন হলের প্রভোস্টগণ, দপ্তর প্রধানগণ, সাংবাদিকবৃন্দ, নবাগত ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। ওরিয়েন্টেশনের উদ্বোধনী অনুষ্ঠান শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে কুয়েট ভলেন্টরি ব্লাড ডোনেশান সোসাইটি "ড্রিমস্" এর উদ্যোগে ব্লাড গ্রুপিং কার্যক্রম, বিএনসিসি কার্যক্রম এবং "নো ড্রাগস, নো র‌্যাগিং, নো স্মোকিং, নো ওয়েস্ট লিটারিং" বিষয়ে শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। এদিনের বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ তাদের বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় ওরিয়েন্টেশন আয়োজন করে। উল্লেখ্য, কুয়েটে এবছর ১৪ টি স্নাতক ডিগ্রী প্রদানকারী বিভাগে ১০০২ জন নতুন শিক্ষার্থী ভর্তি হয়।

## 'আইসিসিইএসডি ২০১৮' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত




কুয়েটে আইসিসিইএসডি ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে কনফারেন্সের চীফ প্যাট্রোন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের সাবেক ডীন প্রফেসর ড. এম ফিরোজ আহমেদকে স্বারক সম্মাননা প্রদান করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) তিন দিনব্যাপী ৪র্থ "ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সিভিল ইঞ্জিনিয়ারিং ফর সাসটেইন্যাবল ডেভেলপমেন্ট (আইসিসিইএসডি ২০১৮)" অনুষ্ঠিত হয়েছে। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে এবং সেভেন রিংস সিমেন্ট, আমান সিমেন্ট ও সিভিল সিআরটিএস এর সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের গেষ্ট হাউজে ১০ ফেব্রুয়ারি শনিবার রাতে কনফারেন্সটির আনুষ্ঠানিক সমাপ্তি অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, টেকসই উন্নয়নের কোন বিকল্প নেই। এজন্য সিভিল ইঞ্জিনিয়ারদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। বাংলাদেশের প্রেক্ষাপটে সীমিত সম্পদকে কাজে লাগিয়ে দীর্ঘস্থায়ী উন্নয়নের মাধ্যমে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হবে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান আলী, আমানসিম সিমেন্ট এর ডাইরেক্টর (ডেভেলপমেন্ট) ফউজি বিন ফরিদ এবং সান সাইং সিমেন্ট মিলস লিঃ এর ম্যানেজার (সিমেন্ট প্লান্ট) ইঞ্জিনিয়ার এ কে এম সিরাজুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সম্মেলনের চেয়ার সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী এবং ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা করেন সম্মেলনের সেক্রেটারি প্রফেসর ড. আবু জাকির মোর্শেদ। (০৫ পৃষ্ঠায় দেখুন)

## 'আইসিসিএসটি-কেম ২০১৮' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত




কুয়েটে 'আইসিসিএসটি-কেম ২০১৮' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) দুই দিনব্যাপী "ইন্টারন্যাশনাল কনফারেন্স অন কেমিক্যাল সায়েন্স এন্ড টেকনোলজী (আইসিসিএসটি-কেম ২০১৮)" অনুষ্ঠিত হয়েছে। রসায়ন বিভাগের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ২৪ ফেব্রুয়ারি শনিবার সকাল সাড়ে ৮টায় কনফারেন্সটির শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে চীফ প্যাট্রোন হিসেবে উপস্থিত ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক ইউজিসি প্রফেসর ড. এম, মুহিবুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোঃ আজিজুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা প্রদান করেন সম্মেলনের সেক্রেটারি প্রফেসর ড. মোঃ হাসান মোর্শেদ এবং ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা করেন সম্মেলনের চেয়ার প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। কুয়েট ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "কনফারেন্সলব্ধ জ্ঞান কাজে লাগাতে পারলে দেশের উন্নয়ন ত্বরান্বিত হবে। গবেষনার কোন বিকল্প নেই, গবেষনা সম্ভাবনার নতুন দিগন্ত উম্মুক্ত করে"। প্রফেসর ড. এম, মুহিবুর রহমান বলেন, "রসায়ন এমন একটি বিষয় যা বাদ (১৯ পৃষ্ঠায় দেখুন)

### কুয়েটে 'প্ল্যানেশন ২০১৮' অনুষ্ঠিত

## "পরিকল্পনা থাকলে এবং থেমে না গেলে লক্ষ্য অর্জিত হবেই"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



'প্ল্যানেশন ২০১৮' এর প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথি ও অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের ইউআরপি এসোসিয়েশনের আয়োজনে ২৭ এপ্রিল শুক্রবার দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্যদিয়ে 'প্ল্যানেশন ২০১৮' অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওলেয়েফেয়ার সেন্টারে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভিসি বলেন, "পরিকল্পনা থাকলে এবং থেমে না গেলে লক্ষ্য অর্জিত হবেই। আমাদের সকলকে ভবিষ্যত পৃথিবী নিয়ে ভাবতে হবে। বসবাসযোগ্য ভবিষ্যতের জন্য পরিকল্পনাবিদদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।" ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন পরিবেশ অধিদপ্তর খুলনার পরিচালক হাবিবুল হক খান, স্বাগত বক্তৃতা করেন বিভাগের সহকারী অধ্যাপক তুষার কান্তি রায় এবং সঞ্চালনা করেন প্রভাষক খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম। দিনব্যাপী 'প্ল্যানেশন ২০১৮' অনুষ্ঠানে পোস্টার প্রেজেন্টেশন, বিতর্ক প্রতিযোগিতা, জিআইএস ও আরএস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে 'ফ্যাকল স্লাজ ম্যানেজমেন্টঃ এ্যান ইমার্জিং কনসার্ন ফর আরবান প্ল্যানিং' এবং 'চ্যালেঞ্জেস এন্ড প্রোসপেক্টস অফ প্ল্যানিং প্রোফেশন ইন বাংলাদেশ' শীর্ষক আলাদা দুইটি সেমিনার রিসোর্স পার্সন হিসেবে পরিচালনা করেন যথাক্রমে প্রাক্টিক্যাল একশন এর কান্ট্রি ডিরেক্টর হাশিন জাহান ও ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক তুষার কান্তি রায়। অনুষ্ঠানে কুয়েটসহ দেশের ১৯টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রায় দুইশত শিক্ষার্থী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর প্রেসিডেন্ট প্রফেসর ড. এ কে এম আবুল কালামসহ কুয়েট ও বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## আইসিই ফিস্তা এবং সিইএম ওয়ার্কশপ অনুষ্ঠিত



আইসিই ফিস্তা এবং সিইএম ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশন অব সিভিল ইঞ্জিনিয়ার্স (আইসিই) ফিস্তা ২০১৮ এবং সিইএম ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। আইসিই এর ২০০ বছর পূর্তি উপলক্ষে কুয়েটের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগ এবং ইনস্টিটিউশন অব সিভিল ইঞ্জিনিয়ার্স (আইসিই) বাংলাদেশ এসোসিয়েশন যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। ১৯ এপ্রিল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিকাল সাড়ে ৩টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন আইসিই বাংলাদেশের প্রতিনিধি আই এ খান, ওবিই, পিইঞ্জ, এফআইসিই, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, আইসিই বাংলাদেশ এসোসিয়েশনের সম্পাদক আবু সাহেল মোঃ নুরুজ্জামান, পিইঞ্জ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইসিই ফিস্তা এবং সিইএম ওয়ার্কশপ ২০১৮ এর কনভেনর ও বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. কাজী এবিএম মহীউদ্দিন।

## "প্রযুক্তি নির্ভর আগামী পৃথিবীকে নতুন প্রজন্ম নেতৃত্ব দেবে"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



'টেকনিভ্যাল ১৮' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) অনুষ্ঠিত হয়েছে দুইব্যাপী 'টেকনিভ্যাল ১৮'। বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের আয়োজনে ২০ এপ্রিল শুক্রবার সকালে টেকনিভ্যাল ১৮ শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে টেকনিভ্যাল ১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "চিন্তাকে বিকশিত করতে হবে। নতুন নতুন আইডিয়ার প্রকাশ এবং বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ একদিন উন্নত রাষ্ট্রে পরিণত হবে। প্রযুক্তি নির্ভর আগামী পৃথিবীকে নতুন প্রজন্ম নেতৃত্ব দেবে"। অনুষ্ঠানের আহ্বায়ক ও ইসিই বিভাগের প্রফেসর ড. মোঃ ফারুক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক ও ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন। ইলেকট্রনিক্স, কম্পিউটার ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্ট ও ওয়ার্কশপে সাজানো টেকনিভ্যাল ১৮ এ লাইন ফলোয়ার রেস, ব্যাটেল অফ বোটস, গেমিং কনটেস্ট, রুবিকস, আইটি কনটেস্ট, সুডোকু, প্রোজেক্ট শোকেসিং ম্যাটল্যাব চ্যালেঞ্জ, পোস্টার প্রেজেন্টেশনসহ বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাড়ে পাঁচ শতাধিক এবং খুলনার বিভিন্ন স্কুল থেকে প্রায় ২ শত শিক্ষার্থী অংশ নেয়।

## যথাযোগ্য মর্যাদায় জাতীয় শিশু দিবস ২০১৮ উদ্‌যাপিত

(০২ পৃষ্ঠার পর) এর নেতৃত্বে স্কুলসমূহের শিক্ষার্থী, শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীবৃন্দের অংশগ্রহণে একটি আকর্ষনীয় শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষীণ করে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সম্মুখে এসে শেষ হয়। শ্রদ্ধা নিবেদন শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন প্রতিযেগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এসময় প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এছাড়া, বাদ আসর বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনা করে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়।
উল্লেখ্য, ১৫ মার্চ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে জাতীয় শিশু দিবস ২০১৮ উপলক্ষ্যে অলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। আলোচনা সভায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন বিইসিএম এর সহকারী অধ্যাপক মোঃ হামিদুল ইসলাম, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুল হাসান, কর্মচারীদের মধ্যে মোঃ পারভেজ আলম।

## রজতজয়ন্তী ও পুনর্মিলনী উৎসব অনুষ্ঠিত

(১০ পৃষ্ঠার পর) উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরদার আকবর হোসেন। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে অতিথিবৃন্দ এবং প্রাক্তন শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বিদ্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষীণ করে বিদ্যালয়ে এসে সমাপ্ত হয়। এরপর জাতীয় সংগীতের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন শেষে বেলুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## আইকিউএসি'র আয়োজনে ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত



"গুণগত মান নিশ্চিতকরণে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের (গ্রেড ১৭-গ্রেড ২০) ভূমিকা ও দায়িত্বঃ মডিউল-২" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক "গুণগত মান নিশ্চিতকরণে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের (গ্রেড ১৭-গ্রেড ২০) ভূমিকা ও দায়িত্বঃ মডিউল-২" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২১ এপ্রিল শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে' আয়োজিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে কারিগরী অধিবেশন পরিচালনা করেন কুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা এবং পুলিশ ট্রেনিং সেন্টার খুলনার কমান্ড্যান্ট (অতিরিক্ত ডিআইজি) শেখ ওমর ফারুক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে. এম. আজহারুল হাসান এবং শুভেচ্ছা বক্তৃতা করেন রেজিস্ট্রার জি. এম. শহিদুল আলম।

## মানববর্জ্য শোধনাগার-এর কার্যপ্রনালী ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



মানববর্জ্য শোধানাগার-এর কার্যপ্রনালী ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত প্রশিক্ষণ কর্মশালায় কুয়েট, কেসিসি, এসএনভি ও ঝিনাইদাহ পৌরসভা এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সাথে প্রধান অতিথি কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) মানববর্জ্য শোধনাগার-এর কার্যপ্রনালী ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৯ মার্চ সোমবার সকাল ৯ টায় নতুন একাডেমিক ভবনের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্টে (আইডিএম) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মাহবুব আলমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। কর্মশালায় কুয়েট, খুলনা সিটি কর্পোরেশন, এসএনভি ও ঝিনাইদাহ পৌরসভা এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## 'আইসিসিইএসডি ২০১৮' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

(০৩ পৃষ্ঠার পর) সম্মেলনে মোট ২টি কী-নোট সেশন এবং ১৮টি টেকনিক্যাল সেশনে বাংলাদেশ, ভারত, জাপান, চীন ও অস্ট্রেলিয়ার গবেষকদের মোট ১৩৪টি টেকনিক্যাল পেপার উপস্থাপিত হয় এবং সেরা তিনটি পেপারকে পুরস্কৃত করা হয়। সম্মেলনে দুইশতাধিক প্রতিথযশা গবেষক, শিক্ষক, স্বনামধন্য প্রকৌশলী ও প্রযুক্তিবিদগণসহ অন্যান্যরা অংশগ্রহন করেন।

উল্লেখ্য, ০৯ ফেব্রুয়ারি শুক্রবার সকাল ১০টায় কনফারেন্সটির শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে কনফারেন্সের চীফ প্যাট্রোন হিসেবে উপস্থিত ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের সাবেক ডীন প্রফেসর ড. এম ফিরোজ আহমেদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কমডর এ কে এম ফারুক হাসান।

## 'স্বল্পোন্নত দেশ' হতে 'উন্নয়নশীল দেশ' হিসেবে বাংলাদেশের গ্রাজুয়েশনের যোগ্যতা অর্জনে কুয়েটে আনন্দ র‌্যালী




'স্বল্পোন্নত দেশ' হতে 'উন্নয়নশীল দেশ' হিসেবে বাংলাদেশের গ্রাজুয়েশনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষ্যে কুয়েটে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রার নেতৃত্ব দেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

'স্বল্পোন্নত দেশ' হতে 'উন্নয়নশীল দেশ' হিসেবে বাংলাদেশের গ্রাজুয়েশনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষ্যে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। ২২ মার্চ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে অনুষ্ঠিত শোভাযাত্রাটি কুয়েট প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের মেইন গেট হয়ে ক্যাম্পাসস্থ "দুর্বার বাংলা"র পাদদেশে এসে শেষ হয়। এসময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণতা ও দেশ গঠনে তাঁর ভুমিকা প্রশংসনীয়। বাংলাদেশকে সমৃদ্ধি ও অগ্রগতির পথে এগিয়ে যাওয়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কর্মউদ্যোগে সহযোগিতা অব্যাহত রাখার জন্য কুয়েট ভিসি সকলকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান। এসময় শুভেচ্ছা বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। আনন্দ শোভাযাত্রায় অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, রেজিস্ট্রার, হল প্রভোষ্টগণ, শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারীবৃন্দ এবং খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## কুয়েট ও পিপিপি কর্তৃপক্ষের মধ্যে সভা অনুষ্ঠিত



কুয়েট ও পাবলিক প্রাইভেট পার্টনারশীপ কর্তৃপক্ষের মধ্যে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষের মধ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। ২৫ মার্চ সকাল ১১ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, পিপিপি কর্তৃপক্ষের ডিরেক্টর জেনারেল মোঃ ফারুক আহমেদ, সিভিল ইঞ্জিনিয়ার মোঃ নাহিদুল ইসলাম, কুয়েটের ইনোভেশন এন্ড ইনোভেটর সেল (আইআইসি) এর প্রজেক্ট ডিরেক্টর ও আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এবং কুয়েটের ইনোভেশন এন্ড ইনোভেটর সেল (আইআইসি) এর সদস্য ও ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম) এর সহকারী অধ্যাপক এস এম তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

## "ক্রীড়া প্রতিযোগিতা শিক্ষার্থীদের মনকে সজীব ও উজ্জীবিত করে"

(১০ পৃষ্ঠার পর) মাঝে পুরস্কার বিতরণ করেন। ৩৭টি ইভেন্টে এই ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ছাত্রদের মধ্যে অমর একুশে হলের জাহিন ও শরীফ এবং ছাত্রীদের মধ্যে রাশিদা করিম চ্যাম্পিয়ন হয়। এছাড়া অমর একুশে হল চ্যাম্পিয়ন ট্রফি এবং ফজলুল হক হল রানার-আপ ট্রফি লাভ করে। উল্লেখ্য, সকালে জাতীয় পতাকা উত্তোলন, বেলুন ও কবুতর উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এর আগে গত ১৫ ফেব্রুয়ারি থেকে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্ট শুরু হয়।

## ভাইস-চ্যান্সেলরের সাথে শিক্ষক সমিতির নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দের সৌজন্য স্বাক্ষাত



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন শিক্ষক সমিতির নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন শিক্ষক সমিতির নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ। এসময় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়া, সহ-সভাপতি প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, সাধারণ সম্পাদক মোঃ ইকরামুল হক, সহ-সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, কোষাধ্যক্ষ মোঃ মাহবুবুর রহমান, ক্রীড়া সম্পাদক মোঃ হামিদুল ইসলাম, সাংস্কৃতিক সম্পাদক খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম, প্রচার ও সমাজকল্যাণ সম্পাদক শাহরিয়ার রোমান, সদস্য ড. মোঃ ইলিয়াস উদ্দিন, প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, ড. আজিজুর রহমান, ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান, ড. মোঃ হাবিবুর রহমান উপস্থিত ছিলেন। ১০ জানুয়ারি বুধবার সকাল ১০ টায় সৌজন্য স্বাক্ষাতকালীন সময়ে ভাইস-চ্যান্সেলর এবং শিক্ষক সমিতির নেতৃবৃন্দের মধ্যে সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা ও ফুলেল শুভেচ্ছা বিনিময় হয়।

## সুন্দরবন রেজিমেন্ট ক্যাম্পিং এ বিজয়ী শিক্ষার্থীদের কুয়েট ভিসি'র সাথে স্বাক্ষাত



সুন্দরবন রেজিমেন্ট, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর কর্তৃক আয়োজিত ক্যাম্পিং ২০১৭-১৮ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীরা ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

সুন্দরবন রেজিমেন্ট, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর কর্তৃক আয়োজিত সুন্দরবন রেজিমেন্ট ক্যাম্পিং ২০১৭/২০১৮ এ অংশগ্রহণকারী কুয়েট শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত ক্যাডেটগণ ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ২৪ জানুয়ারি ১২ টায় সৌজন্য স্বাক্ষাত করেন। কুয়েটের ইইই বিভাগের সহকারী অধ্যাপক ও প্লাটুন কমান্ডার প্রতীক চন্দ্র বিশ্বাস এর সার্বিক তত্ত্বাবধানে ক্যাডেট কুয়েটের ২০১৬ ব্যাচের সিএসই বিভাগের মোঃ মারুফ হাসান, ইইই বিভাগের ইমতিয়াজ আহমেদ, এমই বিভাগের মোঃ নাহিদ হাসান, ইউআরপি বিভাগের মুশফিকুর রহমান চৌধুরী, এমএসই বিভাগের রিদওয়ান আহমেদ অংশ নেয়। গোপালগঞ্জের শেখ কামাল ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত সুন্দরবন রেজিমেন্ট এর ২০১৭/২০১৮ ক্যাম্পিংয়ে কুয়েট শিক্ষার্থী ক্যাডেট মুশফিকুর রহমান চৌধুরী ইংরেজী বিতর্কে ১ম স্থান ও ইংরেজী উপস্থিত বক্তৃতায় ২য় স্থান অধিকার করে।

## "আমরা প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়বো"

(শেষ পৃষ্ঠার পর) টেকনোলজি (আইআইসিটি) আয়োজিত কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে এ ল্যাবের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সাপোর্ট টু ডেভেলপমেন্ট অব কালিয়াকৈর (এবং অন্যান্য হাই-টেক পার্ক) প্রজেক্ট এর প্রকল্প পরিচালক এ.এন.এম. সফিকুল ইসলাম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আইআইসিটি'র পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এবং সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। ল্যাবে ৩২টি উচ্চ ক্ষমতা সম্পন্ন ডেস্কটপ ও ২টি ল্যাপটপসহ প্রজেক্টর, ক্যামেরা ও আনুসাঙ্গিক উপকরণ রয়েছে।

## ভাইস-চ্যান্সেলরের সাথে অফিসার্স এসোসিয়েনের নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দের সৌজন্য স্বাক্ষাত



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন অফিসার্স এসোসিয়েশনের নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন অফিসার্স এসোসিয়েশনের নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ। ০২ জানুয়ারি মঙ্গলবার সৌজন্য স্বাক্ষাতকালীণ সময়ে অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, সাধারণ সম্পাদক প্রকৌঃ মোঃ মাহমুদুল হাসান, সহ-সভাপতি শিকদার মোঃ সাইফুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক মোঃ আব্বাস আলী, সাংগঠনিক সম্পাদক শেখ ওমর ফারুক, ট্রেজারার প্রকৌঃ প্রদীপ কুমার দাশ, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজ কল্যাণ সম্পাদক মনোজ কুমার মজুমদার, দপ্তর ও প্রচার সম্পাদক শাহ্ মোঃ শহীদুল ইসলাম এবং সদস্য প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞা, ড. মোঃ জুলফিকার হোসেন ও প্রকৌঃ টুম্পা রানী রায়সহ নির্বাচন কমিশনারগণ এবং পূর্বের কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। এ সময় ভাইস-চ্যান্সেলরের সাথে কুয়েট অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দের সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয় ও ইংরেজী নববর্ষের ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। উল্লেখ্য, গত ২৮ ডিসেম্বর কুয়েট অফিসার্স এসোসিয়েশন এর নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়।

## চিকিৎসা শেষে সুস্থ্য কুয়েট ছাত্রের ভাইস-চ্যান্সেলর এর সাথে স্বাক্ষাত



পিতার কিডনী প্রতিস্থাপনের পর কুয়েটের এলই বিভাগের ২০১২ ব্যাচের ছাত্র তানভীর আহমেদ সুস্থ্য হয়ে ডিগ্রী সম্পন্ন করে পিতাসহ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে স্বাক্ষত করেন।

জটিল কিডনী রোগে আক্রান্ত খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১২ ব্যাচের ছাত্র তানভীর আহমেদ সুস্থ্য হয়ে তাঁর ডিগ্রী সম্পন্ন করেছে। চিকিৎসার জন্য তাঁর কিডনী প্রতিস্থাপন করা হয়। তার পিতা মোঃ আব্দুস সালাম এর কিডনীতে সে এখন সুস্থ্য। ২০১৫ সালের নভেম্বরে তাদের অপারেশন হয়, এখন পর্যন্ত তাদের কোন প্রকার সমস্য হয়নি বলেই তারা জানান। ০৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার দুপুরে কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে তানভীর ও তার পিতা স্বাক্ষাত করেন। এসময় আর্থিক ও সার্বিক সহযোগিতার জন্য তানভীর ও তার পরিবার বিশ্ববিদ্যালয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাক্ষাতকালীণ সময়ে কুয়েট ভিসি বলেন, কিডনী দান একটি মহৎ বিষয়, একটি কিডনী নিয়ে শতবর্ষ বেঁচে থাকা যায়। কিডনী বা রক্ত দানের মত বিষয়ে সকলকে এগিয়ে আসতে হবে, এক্ষেত্রে পরিবারের ভূমিকা গুরুত্বপূর্ণ। এসময় লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাশেম, পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ভারতের হাসপাতালে তানভীর আহমেদ এর উন্নত চিকিৎসার জন্য বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল, কুয়েটের জরুরী চিকিৎসা তহবিল, মতিউর রহমান স্মৃতি ফান্ডসহ অন্যান্য ফান্ড থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

## ভাইস-চ্যান্সেলরের সাথে এমই বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাত



এমই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে ছিলেন প্রফেসর ড. এজিএইচজে ইদিরিসিংহে, বিভাগীয় প্রধান, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং, ইউনিভার্সিটি অব পিরাডিনিয়া, শ্রীলঙ্কা, প্রফেসর ড. এম রফিকুল ইসলাম, ডিরেক্টর, ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যসুরেন্স সেল, বুয়েট, প্রফেসর ড. শেখ রিয়াজ আহমেদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট। ১৫ মার্চ সকাল ১০ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান উপস্থিত ছিলেন।

## কুয়েট পরিদর্শনে ইউজিসি প্রতিনিধি দল



কুয়েটে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ খোলার বিষয়ে সরেজমিনে পরিদর্শনরত ইউজিসি'র সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, কুয়েট ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্যরা।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ খোলার বিষয়ে সরেজমিনে পরিদর্শন করেছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) গঠিত একটি কমিটি। ইউজিসি'র সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম এর নেতৃত্বে কমিটির অন্যান্য সদস্যগণ হলেন পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক (অ: দা:) খন্দকার হামিদুর রহমান, আইএমসিটি বিভাগের সিস্টেম এনালিস্ট (উপ-পরিচালক) তাহমিনা রহমান এবং পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের প্রশাসনিক কর্মকর্তা হাছিনা পারভীন। কমিটির সদস্যগণ ০৩ মে বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ, রসায়ন বিভাগ, পদার্থ বিজ্ঞান বিভাগ, সিএসই বিভাগ ও ইইই বিভাগের বিভিন্ন ল্যাব পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট শিক্ষকগণের সাথে কথা বলেন। কমিটি বিভাগসমূহের অবকাঠামোগত বিভিন্ন বিষয় সম্পর্কে খোজ খবর নেন। এর আগে বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, বিশ্ববিদ্যালয়ের অনুষদসমূহের ডীনবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগন, রেজিস্ট্রার এবং পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সহ সংশ্লিষ্টদের সাথে ইউজিসি'র কমিটির সভা অনুষ্ঠিত হয়।

## ভাইস-চ্যান্সেলরের সাথে কুয়েটের বিভিন্ন বিভাগে কর্মরত মহিলা শিক্ষকদের সভা



ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের মহিলা শিক্ষকদের বিভিন্ন সুযোগ-সুবিধা বিষয়ে সভা অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলরের সাথে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে কর্মরত মহিলা শিক্ষকদের সভা অনুষ্ঠিত হয়েছে। সভাটি ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে ১৪ ফেব্রুয়ারি দুপুর ১২টায় অনুষ্ঠিত হয়। কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে কর্মরত ২৬ জন মহিলা শিক্ষক অংশগ্রহণ করেন। সভায় মহিলা শিক্ষকদের জন্য ডে কেয়ার সেন্টার, আবাসন ব্যবস্থা, প্রার্থনা ও বিশ্রাম কক্ষের বিষয়ে আলোচনা করা হয়।

## কুয়েট পরিদর্শনে ইউজিসি প্রতিনিধি দল



কুয়েটে মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ খোলার বিষয়ে সরেজমিনে পরিদর্শনকালীন ইউজিসি'র সদস্য প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি ও ইউজিসি'র অন্যান্য কর্মকর্তাগণ এবং কুয়েটের উচ্চপদস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাদের মাঝে কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ খোলার বিষয়ে সরেজমিনে পরিদর্শন করেছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) গঠিত একটি কমিটি। ইউজিসি'র সদস্য প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি এর নেতৃত্বে কমিটির অন্যান্য সদস্যগণ হলেন পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক (অ: দা:) খন্দকার হামিদুর রহমান, আইএমসিটি বিভাগ এর আইটি ইঞ্জিনিয়ার মোঃ মাকসুদুর রহমান ভূঁইয়া এবং পাবঃ বিশ্ববিদ্যালয় বিভাগের সিনিয়র সহকারী পরিচালক মোঃ হাফিজুর রহমান। কমিটির সদস্যগণ ২৩ মে বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগসহ অন্যান্য বিভাগের বিভিন্ন ল্যাব এবং স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাগণের সাথে কথা বলেন। কমিটি বিভাগসমূহের অবকাঠামোগত বিভিন্ন বিষয় সম্পর্কে খোজ খবর নেন। এসময়, বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, বিশ্ববিদ্যালয়ের অনুষদসমূহের ডীনবৃন্দ, ইনস্টিটিউটসমূহের পরিচালকগণ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগন, রেজিস্ট্রার এবং বিভিন্ন কার্যালয়ের পরিচালকগণসহ সংশ্লিষ্টদের সাথে ইউজিসি'র কমিটির সভা অনুষ্ঠিত হয়।

## খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত

(১০ পৃষ্ঠার পর) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. জলী সুলতানা, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ জাহিদুল ইসলাম, বিদ্যালয়ের প্রাথমিক শাখার প্রধান শিক্ষক রাজিয়া সুলতানা এবং উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরদার আকবর হোসেন। অনুষ্ঠানে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর মাধ্যমিক ও প্রাথমিক শাখা এবং উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২৬ জানুয়ারি সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## ভাইস-চ্যান্সেলরের সাথে আইইএম বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাত



আইইএম বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে ছিলেন ইউনিভার্সিটি অফ কেলানিয়া, শ্রীলঙ্কা এর পদার্থবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. এসআরডি কালিঙ্গামুডালী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোঃ ইলিয়াস মোল্লা ও রুয়েটের আইপিই বিভাগের প্রফেসর ড. মোঃ মোশাররফ হোসেন। ০৯ জানুয়ারি মঙ্গলবার সকাল সাড়ে ১০ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান উপস্থিত ছিলেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে গণিত বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাত



গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রভিউ টিম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে ছিলেন ড. কৃপা শঙ্কর গুপ্ত, ডিরেক্টর, ইন্টারনাল কোয়ালিটি এ্যাসুরেন্স এন্ড এক্সিকিউটিভ এডুকেশন, আইএসবিআর বিজনেস স্কুল, ব্যাঙ্গালোর, ভারত, প্রফেসর ড. মোঃ জাহানুর রহমান, পরিসংখ্যান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, প্রফেসর ড. মোঃ মনিরুল আলম সরকার, গণিত বিভাগ, বুয়েট। ০৯ জানুয়ারি মঙ্গলবার দুপুর ০১ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী

## ভাইস-চ্যান্সেলরের সাথে লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে ছিলেন ড. খাইরুল আজওয়ান ইসমাইল, ইউনিভার্সিটি মালয়েশিয়া পার্লিস, মালয়েশিয়া, প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম, সিলেট এগ্রিকালচারাল ইউনিভার্সিটি, তারিকুল ইসলাম খান, প্রাক্তন ফ্যাকাল্টি মেম্বার, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী। ১৬ জানুয়ারি মঙ্গলবার সকাল সাড়ে ১০ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময়



লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান উপস্থিত ছিলেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে রসায়ন বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাত



রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে ছিলেন গ্রাফিক ইরা ইউনিভার্সিটি এন্ড গলগটিয়াস ইউনিভার্সিটি, ইন্ডিয়া এর সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. বি ভি বাবু, বাংলাদেশ এগ্রিকালচারাল ইউনিভার্সিটি এর আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ জয়নুল আবেদিন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রফেসর ড. হাসান আহমেদ। ২৩ জানুয়ারি মঙ্গলবার দুপুর ১২ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান উপস্থিত ছিলেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে ইউআরপি বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাত



ইউআরপি বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষত করেন।

বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ইউআরপি বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) সৌজন্য স্বাক্ষাত করেছেন। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে ছিলেন শ্রীলঙ্কার ওয়েমবা বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব এগ্রিকালচার এন্ড প্লানটেশন ম্যানেজমেন্ট এর প্রফেসর ড. এসজেবিএ জয়াসেকেরা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. খন্দকার সাইফ উদ্দিন এবং প্রফেসর ড. সারওয়ার জাহান। ২৮ জানুয়ারি রবিবার দুপুর ১২ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান উপস্থিত ছিলেন।

## বঙ্গবন্ধুর সমাধিতে কুয়েট শিক্ষক সমিতির নবনির্বাচিত কমিটির শ্রদ্ধা নিবেদন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে কুয়েটের শিক্ষক সমিতির নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটি শ্রদ্ধা নিবেদন করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। ১৯ জানুয়ারি শুক্রবার দুপুরে শ্রদ্ধা নিবেদনকালীণ সময়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সমিতির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়া, সহ-সভাপতি প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, সাধারণ সম্পাদক মোঃ ইকরামুল হক, সহ-সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, কোষাধ্যক্ষ মোঃ মাহবুবুর রহমানসহ নবনির্বাচিত কমিটির সদস্যবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ বঙ্গবন্ধুর সমাধির পাশে কিছুক্ষণ অবস্থান করেন এবং বাঙালী জাতির এ শ্রেষ্ট সন্তানের প্রতি তাদের গভীর শ্রদ্ধা জানান।

## প্রফেসর ড. জাফর ইকবালের উপর হামলার ঘটনায় কুয়েট ভাইস-চ্যান্সেলর'র নিন্দা, প্রতিবাদে মানববন্ধন




প্রফেসর ড. জাফর ইকবাল এর উপর হামলার ঘটনায় কুয়েটে অনুষ্ঠিত মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, জনপ্রিয় লেখক ও বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. জাফর ইকবাল এর উপর হামলার ঘটনায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর তীব্র নিন্দা ও ক্ষোভ জানিয়ে বিবৃতি দিয়েছেন। ০৪ মার্চ এক বিবৃতিতে কুয়েট ভিসি বলেন, হামলার মত ন্যাক্কারজনক ঘটনায় কুয়েট পরিবার খুবই উদ্বিগ্ন। বিশ্ববিদ্যালয়ের মত একটি জ্ঞান ও গবেষনার স্থানে এ ধরনের ঘটনা কোন ভাবেই কাম্য নয়। তিঁনি হামলাকারীদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি এবং এধরনের ঘটনা যাতে আর না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার দাবি জানান।

হামলার প্রতিবাদে ও হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির উদ্যোগে ০৫ মার্চ সোমবার সকাল সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের দুর্বার বাংলা চত্ত্বরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমিতির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়া এর সভাপতিত্বে মানববন্ধন চলাকালে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ড. আজিজুর রহমান, রোকেয়া হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) মনিকা গোপ প্রমূখ।

## "ডিজিটাল ফ্যাব্রিকেশন ফ্যাসেলিটিজ ফর এ্যাডভান্সড রিসার্চ" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত




"ডিজিটাল ফ্যাব্রিকেশন ফ্যাসেলিটিজ ফর এ্যাডভান্স রিসার্চ" শীর্ষক ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "ডিজিটাল ফ্যাব্রিকেশন ফ্যাসেলিটিজ ফর এ্যাডভান্স রিসার্চ" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ১৪ মে সোমবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের নতুন একাডেমিক ভবনে ফ্যাব্রিকেশন ল্যাবরেটরীতে (ফ্যাব ল্যাব) দিনব্যাপী অনুষ্ঠিত এ ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, আমাদের শিক্ষার্থীরা অনেক মেধাবী। শিক্ষার্থীদের আইডিয়া প্রকাশের ব্যবস্থা আমাদেরকেই করতে হবে। শিক্ষার্থীদের ভাবনাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য ফ্যাব ল্যাব অনন্য ভূমিকা পালন করবে। ওয়ার্কশপে সিএনসি: অ্যান এরা অফ মর্ডাণ ম্যানুফেকচারিং এর উপর প্রেজেন্টেশন প্রদান করেন বুয়েটের আইপিই বিভাগের প্রফেসর ড. আব্দুল্লাহিল আজিম এবং থ্রিডি প্রিন্টিং টেকনোলজি: ওভারভিউ এন্ড এপ্লিকেশন এর উপর প্রেজেন্টেশন প্রদান করেন কুয়েটের ইইই বিভাগের ড. মোঃ আরাফাত হোসেন। ওয়ার্কশপে কুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

## শিক্ষার্থীদের মাঝে আরিফ আহমেদ স্কলারশিপ ফান্ড হতে বৃত্তির চেক হস্তান্তর



কুয়েট শিক্ষার্থীদের মাঝে আরিফ আহমেদ স্কলারশীপ ফান্ডের বৃত্তির চেক হস্তান্তর করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীদের মাঝে আরিফ আহমেদ স্কলারশীপ ফান্ডের বৃত্তির চেক হস্তান্তর করা হয়েছে। ১৬ মে দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক হস্তান্তর করেন। এসময় সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের (সিই) বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান আলী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ গোলাম কাদের, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) শেখ আক্কাছ আলী উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের আরিফ আহমেদ স্কলারশীপ ফান্ড এর বৃত্তির আওতায় নির্বাচনী কমিটি কর্তৃক মনোনীত সিই বিভাগের ছাত্রী মোছাঃ মোহসেনা খাতুন, ইইই বিভাগের ছাত্র মোঃ আবু রায়হান কবীর এবং এমই বিভাগের ছাত্র মোঃ আফসার আলীকে জুলাই ২০১৮ থেকে বৃত্তি হিসাবে প্রতি মাসে ২৫০০/- টাকা এবং প্রতি টার্মে বই ও আনুসাঙ্গিক খরচের জন্য এককালীন ১০০০/- টাকা প্রদান করা হয়, যা পরবর্তী বিএসসি ইঞ্জিনিয়ারিং এর নিয়মিত শেষ শিক্ষাবর্ষ পর্যন্ত প্রদান করা হবে। তবে পরবর্তী টার্মে সিজিপিএ ৩.০০ এর উপর থাকলেই কেবলমাত্র বৃত্তি চলমান থাকবে। বৃত্তির টাকা প্রতি মাসে এবং আনুসাঙ্গিক খরচ এককালীন টার্মের শুরুতে প্রদান করা হবে।

## "ক্রীড়া প্রতিযোগিতা শিক্ষার্থীদের মনকে সজীব ও উজ্জীবিত করে"
### -কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭ সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। ২৩ ফেব্রুয়ারি শুক্রবার বিকাল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং সভাপতিত্ব করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, প্রযুক্তির মত কঠিন বিষয়ের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা শিক্ষার্থীদের মনকে সজীব ও উজ্জীবিত করে। স্কুল জীবন থেকেই খেলাধুলার চর্চা শুরু করতে হবে। খেলাধুলা মানুষের মনস্তাত্তিক বিকাশে সহায়ক। বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়তে তরুণ সমাজকেই এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. পারভেজ মান্নান ও রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট মনিকা গোপ। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট ও সহকারী প্রভোষ্টগণ, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দ দীর্ঘ সময় ধরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আকর্ষনীয় ক্রীড়াশৈলী উপভোগ করেন এবং বিজয়ীদের (০৫ পৃষ্ঠায় দেখুন)

## খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত



কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন জেলা পরিষদ খুলনার চেয়ারম্যান শেখ হারুনুর রশীদ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২ দিনব্যাপী বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার সমাপনি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৭ জানুয়ারি শনিবার দুপুরে বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদ খুলনার চেয়ারম্যান শেখ হারুনুর রশীদ এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় জেলা পরিষদ চেয়ারম্যান শেখ হারুনুর রশীদ বলেন, "খেলাধুলা শিক্ষার্থীদের মেধা বিকাশে সহযোগিতা করে। সংগীত, নৃত্যসহ অন্যান্য সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহন শিক্ষার্থীদের মনকে উজ্জীবিত করে। এজন্য লেখাপড়ার পাশাপাশি এ ধরনের কর্মকান্ডের বিকল্প নেই"। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের মননশীলতার বিকাশের জন্য খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চাও অব্যহত রাখতে হবে। একজন শিক্ষার্থীর উন্নত ভবিষ্যতের জন্য সহশিক্ষা কার্যক্রমের কোন বিকল্প নেই"। অনুষ্ঠানে (০৭ পৃষ্ঠায় দেখুন)

## খুলনা ইঞ্জি. ইউ. স্কুলের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ



কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ ও সারাদেশের ন্যায় পাঠ্যপুস্তক উৎসব অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যবই তুলে দেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ ও সারাদেশের ন্যায় পাঠ্যপুস্তক উৎসব অনুষ্ঠিত হয়েছে। ০১ জানুয়ারি সোমবার সকাল সাড়ে ৯টায় কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কুলসমূহের ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যবই তুলে দেন। এ সময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর নতুন বছরের প্রথম দিনেই ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যে পাঠ্য বই তুলে দিতে পারায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসিই বিভাগের প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. জলী সুলতানা এবং লাইব্রেরীয়ান মোঃ আব্বাস উদ্দিন পাঠান। অন্যান্যের মধ্যে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোঃ জাহিদুল ইসলাম, উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক শাখা) এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোসাঃ রাজিয়া সুলতানা, স্কুলের শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

### কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের
## রজতজয়ন্তী ও পুনর্মিলনী উৎসব অনুষ্ঠিত



কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের রজতজয়ন্তী ও পুনর্মিলনী উৎসবে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের রজতজয়ন্তী ও পুনর্মিলনী উৎসব ২০১৮ অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের আয়োজনে ১৩ জানুয়ারি শনিবার দিনব্যাপী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, বিদ্যালয় একজন মানুষের ভবিষ্যতের ভীতকে নির্মাণ করে। এজন্য বিদ্যালয়ের প্রতি সকলের দায়বদ্ধতা থাকে। বিদ্যালয়ের উন্নয়নে সকলকে নিজ অবস্থানে থেকে কাজ করতে হবে। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ জাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিঘলিয়া উপজেলা চেয়ারম্যান খান নজরুল ইসলাম, ভাইস-চ্যায়ারম্যান শামছুর নাহার, ৬ নং যোগীপোল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শেখ আনিছুর রহমান এবং অমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ইসিই বিভাগের প্রফেসর ড. মোস্তাফিজুর রহমান, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. জলী সুলতানা, বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক টি এম ছানাউর রহমান, বিদ্যালয়ের প্রাথমিক শাখার প্রধান শিক্ষক রাজিয়া সুলতানা এবং (০৪ পৃষ্ঠায় দেখুন)

# সিএসই বিভাগে শিক্ষা ও গবেষণা কার্যক্রমের মানোন্নয়ন সম্পর্কিত সভা অনুষ্ঠিত



কুয়েটের সিএসই বিভাগের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের মানোন্নয়ন এবং অবকাঠামো পর্যালোচনা ও উন্নয়ন শীর্ষক সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের মানোন্নয়ন এবং অবকাঠামো পর্যালোচনা ও উন্নয়ন শীর্ষক সভা ০৯ জানুয়ারি সকাল ১১ টায় সিএসই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আমিনুল হক আকন্দসহ সিএসই বিভাগের শিক্ষকগণ উপস্থিত ছিলেন। এসময় সিএসই বিভাগের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের বর্তমান অবস্থা এবং করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

# ভুমিকম্প বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে "সিসমোলজী এন্ড আর্থকোয়েক ইফেক্টস টু স্ট্রাকচারস" শীর্ষক সেমিনারে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং সেমিনারে অংশগ্রহণকারী শিক্ষক, শিক্ষার্থী ও অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভুমিকম্প বিষয়ক "সিসমোলজী এন্ড আর্থকোয়েক ইফেক্টস টু স্ট্রাকচারস" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৮ জানুয়ারি বৃহস্পতিবার সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত সেমিনারে পেপার উপস্থাপন করেন স্টানটেক কনসালটিং লিঃ এর সিনিয়র স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার আক্তার মোহাম্মদ জামান পিইঞ্জ। এসময় সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনসহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

# উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ বরণ

(শেষ পৃষ্ঠার পর) সাড়ে ৯টায় বর্ষবরণ সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় অনুষ্ঠিত হয় মঙ্গল শোভাযাত্রা। ঢোল, বাঁশি, একতারা, দো-তারা, বিভিন্ন বাদ্যযন্ত্র, দেশীয় সংস্কৃতির ছবি সম্বলিত বিভিন প্লাকার্ড, ফেস্টুন, মুখোশসহ আরও অনেক আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ থেকে শোভাযাত্রা শুরু হয়ে ফুলবাড়ীগেট, খুলনা-যশোর মহাসড়কসহ ক্যাম্পাস প্রদক্ষিণ করে খেলার মাঠে এসে সমাপ্ত হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা, কর্মচারী এবং খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক) ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্যরা মঙ্গল শোভাযাত্রায় স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। শোভাযাত্রায় নেতৃত্ব দেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সকাল সাড়ে ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত খেলার মাঠে অনুষ্ঠিত হয় সাপ খেলা, বানর খেলা, ম্যাজিক শো, লাঠি খেলা, সাইকেল শো, নাগর দোলা, মোরগের লড়াই, কাবাডি খেলা, মোরগ লড়াই (ছাত্রদের) ও ঘুড়ি উৎসব। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উপস্থিত থেকে আকর্ষনীয় এ সব প্রতিযোগিতা ও অনুষ্ঠান উপভোগ করেন এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। শিক্ষক সমিতি দেশীয় খাবার পরিবেশনসহ বিভিন্ন জাকজমকপূর্ণ অনুষ্ঠান ও পারিবারিক মিলন মেলার আয়োজন করে। অফিসার্স এসোসিয়েশন কৃতি শিক্ষার্থী সংবর্ধনাসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও দেশীয় খাবারের আয়োজন করে।

# পরিবেশ উন্নয়ন কমিটির সভা অনুষ্ঠিত



কুয়েটে পরিবেশ উন্নয়ন কমিটির সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) পরিবেশ উন্নয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ১৮ এপ্রিল ২০১৮ বুধবার বিকাল সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভায় কুয়েটের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন, পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার, নিরাপত্তা কর্মকর্তা সাদেক হোসেন প্রামাণিকসহ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন খানজাহান আলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ লিয়াকত আলী, ফুলবাড়ীগেট বাজার বণিক সমিতির সভাপতি বেগ লিয়াকত আলী, আলহাজ্ব মোঃ হাবিবুর রহমান, মোল্লা মোঃ মুজিবুর রহমান, সৈয়দ আশরাফ আলী প্রমূখ। সভায় ফুলবাড়ীগেট (যশোর-খুলনা মহাসড়ক) থেকে কুয়েট গেট পর্যন্ত রাস্তার ৬০ ফুট জায়গা দখলমুক্ত রাখা, কুয়েটের দক্ষিণ সীমানা প্রাচীরের তেলিগাতী অভিমুখী রাস্তার পার্শ্ব পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, কুয়েটের খানজাহান আলী হল এবং স্টুডেন্ট ওয়েল ফেয়ার সেন্টারের মাঝখানের পুকুরে বাহিরের লোকজনের গোসল বন্ধ করা, বর্ষা মৌসুমে কুয়েটের জলাবদ্ধতা নিরসনকল্পে জাব্দীপুর এলাকার পানি নিস্কাশনের জন্য কুয়েট ক্যাম্পাস ছাড়া বিকল্প ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপস্থিত সকলে বিষয়সমূহের উপর তাদের সুচিন্তিত মতামত তুলে ধরেন এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিবেশ স্থিতিশীল রাখতে সম্মতি প্রকাশ করেন।

# অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর ও ইউজিসি প্রতিনিধিদলের সমন্বয়ে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত



কুয়েটে অনুষ্ঠিত অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং শিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর ও ইউজিসি'র কর্মকর্তাগণ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বিভিন্ন সনের অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) প্রতিনিধিদলের সমন্বয়ে ত্রি-পক্ষীয় সভা ১৪ জানুয়ারি সকাল ১০ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, কম্পট্রোলার মোঃ নূরুজ্জামান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অতিরিক্ত পরিচালক মোঃ রেজাউল করিম হাওলাদার, শিক্ষা মন্ত্রণালয়ের অডিট অফিসার এ কিউ এম জাকির হোসেন, যুগ্ম-সচিব (নিরীক্ষা ও আইন) আহমদ শামীম আল রাজী, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর এর অডিট এন্ড একাউন্টস অফিসার মোঃ মতিয়ার রহমান, উপ-পরিচালক মোহাম্মদ কবির হোসেন প্রমূখ উপস্থিত ছিলেন।

## আইটি ইনকিউবেশন ও ট্রেইনিং সেন্টারের প্রি কাস্ট পাইলিং কনস্ট্রাকশন কাজের উদ্বোধন



কুয়েটে নির্মানাধীন 'খুলনা হাই-টেক পার্ক' এর আইটি ইনকিউবেশন ও ট্রেইনিং সেন্টারের প্রি কাস্ট পাইলিং কনস্ট্রাকশন কাজের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নির্মানাধীন ' খুলনা হাই-টেক পার্ক' এর আইটি ইনকিউবেশন ও ট্রেইনিং সেন্টারের প্রি কাস্ট পাইলিং কনস্ট্রাকশন কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ২০ জানুয়ারি শনিবার বেলা সাড়ে ৩টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্মাণ কাজের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রজেক্ট ডাইরেক্টর (যুগ্ম সচিব) এ. এন. এম. শফিকুল ইসলাম, হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রকৌশলী, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। এসময় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রজেক্ট ডাইরেক্টর নির্মাণ কাজের বিভিন্ন স্থান পরিদর্শণ করেন এবং কাজের অগ্রগতি সম্পর্কে খোজ খবর নেন।

## "মননশীলতার বিকাশে বইয়ের কোন বিকল্প নেই"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর




জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৮ উপলক্ষ্যে অনুষ্ঠিত র‍্যালিতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) 'বই পড়ি, স্বদেশ গড়ি' প্রতিপাদ্যে জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৮ পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে ০৫ ফেব্রুয়ারি সকাল ১১টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে র‍্যালী শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষীণ শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে এসে শেষ হয়। র‍্যালীতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। র‍্যালী শেষে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, "বইয়ের বিকল্প কেবলমাত্র বই। মানুষের সুপ্ত প্রতিভা এবং মননশীলতার বিকাশে বইয়ের কোন বিকল্প নেই। তিঁনি সকলকে বেশী করে বই পড়ার আহ্বান জানান"। বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## হাই-টেক পার্কের নির্মাণ কাজ পরিদর্শনে হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

(১৩ পৃষ্ঠার পর) প্রতিনিধি দলের সাথে ছিলেন। প্রতিনিধি দলটি কুয়েটে নির্মাণাধীন হাই-টেক পার্কের আইটি ইনকিউবেশন ও প্রশিক্ষণ কেন্দ্র, অভ্যন্তরীণ সড়ক নির্মাণ ও ভূমি উন্নয়ন, স্ট্রিট লাইট স্থাপন, বাউন্ডারী ওয়াল, গেইট নির্মাণ, হাই ডেফিনেশন ভিজুয়েল কম্পিউটিং এবং মাল্টি মিডিয়া ল্যাব নির্মাণ কাজ পর্যালোচনা ও পরিদর্শন করেন।

## ডিজিটাল উদ্ভাবনী মেলায় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান কুয়েট



খুলনা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০১৮ এ অংশগ্রহণকারী কুয়েট শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষত করেন।

খুলনা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত তিন দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০১৮ এ শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হওয়ার গৌরব অর্জন করেছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)। বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণ এবং মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প-২০২১ ও ২০৪১-এ উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ অর্জনের লক্ষ্যে ৫-৭ ফেব্রুয়ারি খুলনা জেলা প্রশাসন এ মেলার আয়োজন করে। ০৮ ফেব্রুয়ারি বিকাল ৫ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০১৮ অংশগ্রহণকারী কুয়েট শিক্ষার্থী ইইই বিভাগের সুদীপ সাগর, নাইম মোহাম্মদ সামি, মোঃ সামিউল ইসলাম সাগর, সিএসই বিভাগের জান্নাতি লা তাসরিবা, শান্ত কুমার, মেহেদী হাসান, সাফিউল ইসলাম অয়ন, বিএমই এবং ইএসই বিভাগের মোঃ আব্দুল কাদের তুষার, কাজী আল মাসুদ ও মোঃ মনিরুজ্জামান। এসময় বিএমই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, মেলায় অংশগ্রহণকারী কুয়েট দলের মডারেটর ইইই বিভাগের সহকারী অধ্যাপক প্রতীক চন্দ্র বিশ্বাস উপস্থিত ছিলেন।

## স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার'র শুভ উদ্বোধন ও বসন্ত বরণ অনুষ্ঠিত



নব নির্মিত স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নবনির্মিত স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার বিকাল সাড়ে ৩টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. এ বি এম মহিউদ্দিন, শিক্ষার্থীদের মধ্য থেকে কুয়েট শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান এবং সঞ্চালনা করেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

বিকাল ৪টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারস্থ বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হয় বসন্ত বরণ অনুষ্ঠান। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বসন্ত বরণের গানের মাধ্যমে অনুষ্ঠান শুরু করে। অনুষ্ঠানে গান ছাড়াও নৃত্য, আবৃত্তি ও নাটক অনুষ্ঠিত হয়। এসময় বসন্তের বাহারী সাজে সজ্জিত শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। সন্ধ্যা পর্যন্ত অনুষ্ঠিত বসন্ত বরণ অনুষ্ঠান উপভোগ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়াসহ অন্যান্যরা।

## হাই-টেক পার্কের নির্মাণ কাজ পরিদর্শনে হাই-টেক পার্ক কর্তৃপক্ষ



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (সচিব) হোসনে আরা বেগম এনডিসি এর নেতৃত্বে একটি উচ্চপদস্থ প্রতিনিধি দল কুয়েটে নির্মাণাধীন হাই-টেক পার্কের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেন। এসময় কুয়েটে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রতিনিধি দলের সাথে ছিলেন।

২৪ মার্চ শনিবার বিকাল ৫ টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নির্মাণাধীন হাই-টেক পার্কের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আইসিটি ডিভিশনের বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের একটি উচ্চপদস্থ প্রতিনিধি দল। প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (সচিব) হোসনে আরা বেগম এনডিসি। এসময় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর (১২ পৃষ্ঠায় দেখুন)

## পদার্থ বিজ্ঞান বিভাগের ইমপ্রুভমেন্ট প্লান হস্তান্তর



পদার্থ বিজ্ঞান বিভাগের ইমপ্রুভমেন্ট প্লান ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর উপস্থিতিতে পরিচালক (আইকিউএসি) প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনের নিকট জমা দেন বিভাগীয় প্রধান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) পদার্থ বিজ্ঞান বিভাগের পোস্ট সেলফ-এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্লান ২৮ জানুয়ারি সকাল ১১টায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর উপস্থিতিতে পরিচালক (আইকিউএসি) প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনের নিকট জমা দিয়েছেন পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার এবং আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান।

## "বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ সবসময়ের জন্য প্রাসঙ্গিক"

(শেষ পৃষ্ঠার পর) পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া'র সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় এসময় আরো বক্তৃতা করেন শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ড. আজিজুর রহমান, মানবিক বিভাগের প্রভাষক আবু হেনা মোস্তফা কামাল, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুল হাসান, শিক্ষার্থীদের মধ্যে বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি আবুল হাসান শোভন ও সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান এবং কর্মচারীদের মধ্যে মোঃ পারভেজ আলম। অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের ভিডিও প্রদর্শণ করা হয় এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মোঃ ফারহান আকিফ কবি নির্মলেন্দু গুনের রচিত 'স্বাধীনতা, এই শব্দটি কিভাবে আমাদের হল' কবিতাটি আবৃত্তি করেন।

## সৌদি আরবের প্রকৌশলীদের কুয়েট পরিদর্শন



সৌদি আরব থেকে আগত প্রকৌশলীদের প্রতিনিধি দলেকে কুয়েটের স্মারক ক্রেস্ট হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাথে সৌদি আরব থেকে আগত প্রকৌশলীদের একটি প্রতিনিধি দলের মতবিনিময় সভা অনুষ্ঠিত। ০৬ মার্চ সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় কুয়েট ভাইস-চ্যান্সেলর কুয়েটের উপর একটি প্রেজেন্টেশন প্রদান করেন। সৌদি প্রতিনিধি দলে ছিলেন সৌদি আরবের আল হারকান এর ডিজিএস প্রকৌঃ আব্দুল লতিফ, প্রকৌঃ খালিদ সামরানি, প্রকৌঃ মহাসিন ও প্রকৌঃ কাওছার আহমেদ। এসময় কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারসহ বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান উপস্থিত ছিলেন। সভায় কুয়েটের সাথে সৌদি আরবের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ইঞ্জিনিয়ারিং ফার্মের সাথে যৌথ গবেষণা, শিক্ষক ও শিক্ষার্থী বিনিময়সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

## ফ্যাব ল্যাবে প্রস্তুতকৃত প্রথম উপকরণ ভাইস-চ্যান্সেলরের নিকট হস্তান্তর



ফ্যাব্রিকেশন ল্যাবরেটরীতে প্রস্তুতকৃত প্রথম উপকরণ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নিকট হস্তান্তর করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) 'ফ্যাব্রিকেশন ল্যাবরেটরীতে (ফ্যাব ল্যাব)' প্রস্তুতকৃত প্রথম উপকরণ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নিকট হস্তান্তর করা হয়েছে। ০৮ মার্চ বৃহস্পতিবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ প্রডাক্ট হস্তান্তর করেন ফ্যাব ল্যাবে গবেষণাকৃত শিক্ষার্থীরা। এসময় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর অনুভূতি ব্যক্ত করে বলেন, আমাদের শিক্ষার্থীরা অনেক মেধাবী। ফ্যাব ল্যাব আইডিয়া প্রকাশের মাধ্যম। শিক্ষার্থীদের ভাবনাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য ফ্যাব ল্যাব অনন্য ভূমিকা পালন করবে। এসময় সংশ্লিষ্ট প্রজেক্টের সাব প্রোজেক্ট ম্যানেজার ড. মোঃ মাহবুব হাসান এবং ফ্যাবল্যাবে গবেষণাকারী শিক্ষার্থী মোঃ সহল ইবনে সাদ, মোঃ মামুনুর রহমান মামুন, শোভন ভৌমিক, অনন্যা বিশ্বাস, জান্নাতুল শেফা পিউ, মোঃ তাসনিম রানা, মঈনুল হক মাহি উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রকল্পের আওতায় কুয়েটে এ 'ফ্যাব্রিকেশন ল্যাবরেটরী (ফ্যাব ল্যাব)' নির্মাণ করা হয়েছে। মাইন্ড টু মার্কেট থিমকে সামনে নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আইডিয়াকে বাস্তবে রূপ দেওয়ার জন্য এ প্রকল্প গ্রহণ করা হয়। এই ল্যাবে গবেষনা, ডিজাইন তৈরীর পাশাপাশি শিক্ষার্থীরা তাদের কাঙ্খিত বস্তু তৈরী করতে পারবে।

## ক্যাম্পাসের বাইরে অবস্থানরত কুয়েট শিক্ষার্থীদের নিরাপত্তায় এলাকাবাসী ও প্রশাসনের সাথে মতবিনিময়



কুয়েট ক্যাম্পাসের বাইরে বসবাসকারী শিক্ষার্থীদের নিরাপত্তায় এলাকাবাসী ও প্রশাসনের সাথে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসের বাইরের বিভিন্ন বাড়ী ও মেসে বসবাসকারী শিক্ষার্থীদের নিরাপত্তায় এলাকাবাসী ও প্রশাসনের সাথে মতবিনিময় সভা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ০৬ ফেব্রুয়ারি বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভায় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, উপ পরিচালক (ছাত্র কল্যাণ) ড. সজল কুমার অধিকারী, সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) মোঃ মেহেদী হাসান, আড়ংঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানজাহান আলী থানার প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের অন্যান্য কর্মকর্তাসহ কুয়েট পার্শবর্তী এলাকার প্রায় অর্ধশত বাড়ী ও মেস মালিক উপস্থিত ছিলেন। উপস্থিত বিশ্ববিদ্যালয় প্রশাসন, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ, বাড়ীর মালিকগণ বিভিন্ন বিষয় নিয়ে তাদের মতামত উপস্থাপন করেন এবং সমস্যা সমাধানের দিক নির্দেশনা প্রদান করেন। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বাইরে অবস্থানরত শিক্ষার্থীরা নিরাপদে থাকবে বলে আমরা বিশ্বাস করি। শিক্ষার্থীরা আমাদেরই সন্তান, আমাদের সকলকে তাদের সম্ভব সকল সুবিধা প্রদানের চেষ্টা করতে হবে।

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সভা অনুষ্ঠিত



কুয়েটে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সরকারের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য গঠিত নৈতিকতা কমিটি, কোর কমিটি, ওয়ার্কিং গ্রুপ, ইনোভেশন টিম কমিটির সদস্যগণের সমন্বয়ে সভাটি প্রশাসনিক ভবনের সভাকক্ষে ২৯ জানুয়ারি সকাল সাড়ে ১০ টায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভায় বিশ্ববিদ্যালয়ের পরিচালক (আইকিউএসি) প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, রেজিস্ট্রার জি এম শহিদুল আলমসহ সংশ্লিষ্ট কমিটিসমূহের সদস্যগণ উপস্থিত ছিলেন।

## নেপালের কাঠমান্ডুতে বিমান বিধ্বস্তের ঘটনায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

নেপালের কাঠমান্ডুতে বাংলাদেশের বেসরকারি বিমান পরিবহন সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্সের উড়োজাহাজ বিধ্বস্তের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৩ মার্চ এক শোক বিবৃতিতে কুয়েট ভাইস-চ্যান্সেলর নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত ও আহতদের আশু সুস্থতা কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

## বার্ষিক কর্ম সম্পাদনা চুক্তি বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়ন সভা অনুষ্ঠিত



কুয়েটে বার্ষিক কর্ম সম্পাদনা চুক্তি বাস্তবায়ন এবং মূল্যায়ন সম্পর্কিত বিশেষ সভা শেষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অংশগ্রহণকারীবৃন্দ।

“সময় এবং এর সাথে সাথে আমাদের জীবন প্রনালী খুব দ্রুতই পরিবর্তিত হচ্ছে। তথ্য প্রযুক্তির কল্যাণে সকল তথ্য এখন দৃশ্যমান। এ বিশ্ববিদ্যালয়ে আমরা মান সম্পন্ন শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করছি। আশা করছি অচিরেই বার্ষিক কর্ম সম্পাদনা চুক্তির সম্পূর্ণ বাস্তবায়ন এ বিশ্ববিদ্যালয়ে ঘটবে। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বার্ষিক কর্ম সম্পাদনা চুক্তি বাস্তবায়ন এবং মূল্যায়ন সম্পর্কিত বিশেষ সভায় প্রধান অতিথির বক্তৃতায় কথাগুলো বলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সরকারের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটি, কোর কমিটি, ওয়ার্কিং গ্রুপ, ইনোভেশন টিম কমিটির সদস্যগণের সমন্বয়ে সভাটি বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে ৩০ জানুয়ারি বিকাল ৩টায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন নৈতিকতা মূল্যায়ন কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট পরিচালক (আইকিউএসি) প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ নূরুজ্জামান এবং মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সিনিয়র সহকারী পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ) ও বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সংক্রান্ত কমিটির ফোকাল পয়েন্ট মোহাম্মদ নজরুল ইসলাম। সভায় ২০১৬-১৭ অর্থ বছরে সম্পাদিত চুক্তি ও এর মূল্যায়ণ প্রতিবেদন, ছাড়কৃত অর্থের খরচের বিবরণী, গবেষণা সংক্রান্ত বিষয়, পাবলিকেসন্স, সেমিনার, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট কমিটিসমূহের সদস্য হিসেবে অন্তর্ভূক্ত শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ‘ক্যারিয়ার, লিডারশীপ ডেভেলপমেন্ট এন্ড হায়ার স্টাডি’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




‘ক্যারিয়ার, লিডারশীপ ডেভেলপমেন্ট এন্ড হায়ার স্টাডি’ শীর্ষক সেমিনারে স্পীকারদের স্মারক উপহার প্রদান করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ১২ ফেব্রুয়ারি সোমবার ‘ক্যারিয়ার, লিডারশীপ ডেভেলপমেন্ট এন্ড হায়ার স্টাডি’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। পরিচালক (ছাত্র কল্যাণ) কার্যালয়ের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে দুপুর ২টায় সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে সেমিনারে স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের জিএম (চিফ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার) মুহাম্মদ জাকির হাসান, এসবিএসি ব্যাংক লিঃ এর সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার সালাহুদ্দীন আহমেদ, এডুকেশন ইউএসএ’র পরিচালক সোহেল ইকবাল, এনট্রি. এক্সপার্ট ইঞ্জিনিয়ার শেখ এহসানুল হাবিব। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## আইডিএম এ ওরিয়েন্টেশন ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠিত



আইডিএম এর পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্টে পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ও সার্টিফিকেট বিতরণ ১৬ জানুয়ারি মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের আইডিএম এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর । আইডিএম এর পরিচালক প্রফেসর ড. কাজী হামিদুল বারী এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক। অনুষ্ঠানে জানুয়ারি ২০১৮ এর পিএইচডি ও এমএসসি প্রোগ্রামের ওরিয়েন্টেশন এবং জানুয়ারি ২০১৭ সেশনের প্রোফেশনাল ডিপ্লোমা কোর্স সম্পন্নকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়।

## সিএসই বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



সিএসই বিভাগের বিদায় সংবর্ধনা ও নবীনবরণ অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েট শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ ২৭ ফেব্রুয়ারি মঙ্গলবার দুপুর সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওলেয়ফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। সিএসই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. এম এম এ হাসেম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আমিনুল হক আকন্দ।

## ইসিই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ ২৮ ফেব্রুয়ারি বুধবার দুপুর ৩টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওলেয়ফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। ইসিই এসোসিয়েশনের সভাপতি (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ ফয়সল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা




ইসিই বিভাগের শিক্ষার্থীদের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

করেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন।

## এলই বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বিদায়ী গ্রাজুয়েটদের ক্রেস্ট হস্তান্তর করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। লেদার ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের আয়োজনে অনুষ্ঠানটি ২৭ মার্চ বিকাল সাড়ে ৫টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ও লেদার ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের সভাপতি ড. মোঃ আবুল হাসেম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠিত



সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের '১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠিত হয়েছে। সিভিল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ২৮ মার্চ বিকাল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ শাহজাহান আলী এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

# আইইএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠিত



আইইএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের '১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠিত হয়েছে। আইইএম এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ১০ এপ্রিল রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ড. আজিজুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম।

# ইএসই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত



ইএসই বিভাগের '১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) বিভাগের '১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। ইএসই এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ১১ এপ্রিল রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। ইএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইনস্টিটিউট অব এনভাইরনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি (আইইপিটি) এর পরিচালক প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান।

# বিইসিএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ ১৮ এপ্রিল বুধবার রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওলেয়ফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। বিইসিএম এসোসিয়েশনের সভাপতি ও বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ ইকরামুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন



বিইসিএম বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীনবরণ অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের ক্রেস্ট হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী ও বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. কাজী এ বি এম মহীউদ্দিন।

# ইইই বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত




ইইই বিভাগের ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। ইইই এসোসিয়েশনের আয়োজনে অনুষ্ঠানটি ২২ এপ্রিল বিকাল সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ইইই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ শফিক উদ্দিন, ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান।

# ইউআরপি বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা



ইউআরপি বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৭ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ ২৩ এপ্রিল সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওলেয়ফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম।


## অমর একুশে হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত




কুয়েটে অমর একুশে হলের ২০১৩ ব্যাচের ছাত্রদের বিদায় সংবর্ধনা ও ২০১৭ ব্যাচের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অমর একুশে হলের ২০১৩ ব্যাচের ছাত্রদের বিদায় সংবর্ধনা ও ২০১৭ ব্যাচের ছাত্রদের নবীনবরণ ১৯ ফেব্রুয়ারি সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওলেয়ফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অমর একুশে হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, অমর একুশে হলের বিদায়ী প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ বজলার রহমান, অমর একুশে হলের সহকারী প্রভোস্ট অধীর চন্দ্র পাল। এছাড়া অনুষ্ঠানে বিদায়ী ও নবীন শিক্ষার্থীসহ বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা বক্তৃতা করেন।

## 'শহীদ মিনার' এবং 'আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার'




খুলনা সার্কিট হাউজ থেকে ডিজিটাল পদ্ধতিতে কুয়েটের 'আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার'র নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

(শেষ পৃষ্ঠার পর) ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারের অনুরূপ করে নির্মিত বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারটিতে ৫টি লেভেল এবং মহান একুশে ফেব্রুয়ারি তারিখকে সম্মান জানিয়ে ২১ টি ধাপ রয়েছে, পঞ্চম লেভেলে রয়েছে শহীদ মিনারের মূল বেদী। শহীদ মিনারের বিভিন্ন লেভেলে গাছ ও সবুজ ঘাস রাখা হয়েছে যা বাংলাদেশকে প্রকাশ করে। এছাড়া শহীদ মিনারে লাল সূর্য, পিছনে এর সাথে সামঞ্জস্য রেখে তৈরী করা হয়েছে নয়নাভিরাম লেক।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়স্থ খুলনা হাই-টেক পার্ক এ পাঁচ তলা বিশিষ্ট 'আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার' এর নির্মাণ কাজের কার্যাদেশ ইতোমধ্যে প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ১০,০০০ বর্গ মিটার এরিয়ার উপর ১,৭২৭.০০ লক্ষ টাকা ব্যায় সাপেক্ষে 'আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার' নির্মাণ হবে। গত ২৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখে একনেক বৈঠকে "জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২টি জেলায়)" শীর্ষক এই প্রকল্পটি অনুমোদিত হয়। আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টারে মাল্টিনেটেড ভবন এতে টেইনিং এবং বিভিন্ন টেকনোলজি সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে, যা মানব সম্পদ উন্নয়ন, দেশে আইট শিল্পের বিকাশ, আইটি বিজনেস প্রোসেস আউটসোর্সিং হাব তৈরী ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কুয়েটে এই অবকাঠামেটি নির্মিত হলে এদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সম্ভাবনাময় তরুন সমাজের মধ্যে তথ্য প্রযুক্তির জ্ঞানের বিকাশ, উৎকর্ষ সাধন ও উদ্ভাবনী শক্তি তৈরীতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## জাকজঁমকপূর্ণভাবে শ্রী শ্রী সরস্বতী পূজা অনুষ্ঠিত



কুয়েটে বিদ্যার দেবী শ্রী শ্রী সরস্বতী পূজা উপলক্ষে ভক্তগণ অঞ্জলি প্রদান করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ২২ জানুয়ারি সোমবার সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের বিদ্যার দেবী শ্রী শ্রী সরস্বতী পূজা জাকজঁমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চের সম্মুখে অস্থায়ী পূজা মন্ডপে বিশ্ববিদ্যালয়ের পূজা উদ্‌যাপন কমিটির সার্বিক আয়োজনে সনাতন হিন্দু ধর্মাবলম্বী শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারীসহ অন্যান্যরা স্বতঃস্ফূর্তভাবে শ্রী পঞ্চমী তিথিতে শ্বেতবসনা, বাগ্‌দেবী সরস্বতী দেবীর শুভ আরাধনার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এ সময় সহধর্মিনীসহ পূজা মন্ডপ পরিদর্শণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। পূজাকালীণ সময়ে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি ও ইইই বিভাগের সহকারী অধ্যাপক ড. কল্যান কুমার হালদারসহ বিভিন্ন বিভাগের বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। শ্রী শ্রী সরস্বতী পূজা উপলক্ষে ২১ জানুয়ারি সন্ধ্যায় প্রতিমা আনয়ন এবং ২৩ জানুয়ারি সকালে প্রতিমা নিরঞ্জন দেওয়া হয়। এছাড়া পূজা উপলক্ষে সোমবার সন্ধ্যায় আরতি প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

### কুয়েটের ওয়েবসাইটের নতুন সংস্করণ উদ্বোধন

## "বর্তমান ওয়েবসাইটটি কুয়েটের ভাবমূর্তিকে বিশ্বের মানুষের কাছে তুলে ধরতে সক্ষম হবে"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে ওয়েবসাইটের নতুন সংস্করণ উদ্বোধন অনুষ্ঠানে সংশ্লিষ্ট কর্মকর্তা ও অতিথিবৃন্দের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ওয়েবসাইটের (www.kuet.ac.bd) নতুন সংস্করণ উদ্বোধন করা হয়েছে। নতুন আঙ্গিকে সাজানো কুয়েটের বর্তমান ওয়েবসাইটটি অনেক শক্তিশালী এবং সকল ডিভাইসে সহজে ব্যবহারযোগ্য ভাবে তৈরী করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানটি ১৭ মে সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, বিভিন্ন অনুষদের ডীনবৃন্দসহ একাডেমিক কাউন্সিলের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় কুয়েট ভাইস-চ্যান্সেলর ওয়েবসাইটের বর্তমান রূপ দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, "বাংলাদেশ এখন কোন পিছিয়ে পড়া দেশ না, সমুদ্র থেকে মহাকাশ সর্বত্রই এখন আমাদের বিচরণ ক্ষেত্র। ডিজিটাল বিশ্বের এ যুগে ওয়েবসাইট একটি প্রতিষ্ঠানের জন্য খুবই গুরুত্বপূর্ণ বিষয়। এখন থেকে ইংরেজীর পাশাপাশি মাতৃভাষা বাংলা মাধ্যমে কুয়েটের ওয়েবসাইট দেখা যাবে। বর্তমান ওয়েবসাইটটি কুয়েটের ভাবমূর্তিকে বিশ্বের মানুষের কাছে তুলে ধরতে সক্ষম হবে"।

## ইইই বিভাগে "পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত



"পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" শীর্ষক ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে "পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি ২৮ ফেব্রুয়ারি বুধবার ইইই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ইইই বিভাগের আইকিউএসি এর চেয়ারম্যান প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ।

## গণিত বিভাগে "পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত




গণিত বিভাগে "পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" শীর্ষক ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) গণিত বিভাগে "পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি ২৯ মার্চ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ডিস্টান্স লারনিং থিয়েটারে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ বজলার রহমান।

## ইউআরপি বিভাগে 'পোস্ট সেল্ফ-অ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটের ইউআরপি বিভাগে 'পোস্ট সেল্ফ-অ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের আয়োজনে 'পোস্ট সেল্ফ-অ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৩০ এপ্রিল সোমবার সকালে ইউআরপি বিভাগের সেমিনার কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী ও আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

## রসায়ন বিভাগে "ওয়ার্কশপ ৩ ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত



রসায়ন বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রসায়ন বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি ১৪ মে সোমবার বিশ্ববিদ্যালয়ের ডিস্টান্স লারনিং থিয়েটারে অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মাদ হাসান মোর্শেদ, আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন। ওয়ার্কশপে রসায়ন বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## এমই বিভাগে "ওয়ার্কশপ ৩ ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত




এমই বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি ১৪ মে সোমবার এমই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। বিকাল ৩টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এমই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ কুতুব উদ্দিন। ওয়ার্কশপে এমই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## এলই বিভাগে "ওয়ার্কশপ ৩ ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত




লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি ১৬ মে বুধবার এলই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এলই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান ড. মোঃ আবুল হাসেম। ওয়ার্কশপে এলই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ইসিই বিভাগে "ওয়ার্কশপ ৩ ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত



ইসিই বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে "ওয়ার্কশপ ৩ঃ পোস্ট সেল্ফ এসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান" অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি ১৬ মে বুধবার ইসিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। বিকাল ০৩ টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। ওয়ার্কশপে স্বাগত বক্তৃতা করেন ইসিই বিভাগের প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান। ওয়ার্কশপে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা করেন এবং টেকনিক্যাল সেশন পরিচালনা করেন ইসিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন। সমাপনী বক্তৃতা প্রদান করেন ইসিই বিভাগের বিভাগীয় প্রধান এবং সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সদস্য প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন। ওয়ার্কশপে ইসিই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ নারী ক্রিকেট দলকে কুয়েট ভাইস-চ্যান্সেলর এর অভিনন্দন

মেয়েদের টি-টোয়েন্টি এশিয়া কাপ জয়ে বাংলাদেশ নারী ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১০ জুন এক শুভেচ্ছা বার্তায় কুয়েট ভিসি বলেন, বাংলাদেশ জাতীয় দল যা পারেনি, নারী ক্রিকেট দল তা করে দেখিয়েছে। আমরা গর্বিত এবং আনন্দিত। কুয়েট ভিসি বাংলাদেশ নারী ক্রিকেট দলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে ক্রীড়া ক্ষেত্রে বাংলাদেশের উত্তোরত্তর সাফল্য কামনা করেন।

## দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপ্রধান হিসেবে শপথ নেওয়ায় মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদকে কুয়েট ভিসির অভিনন্দন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ মহামান্য রাষ্ট্রপতি হিসেবে টানা দ্বিতীয় মেয়াদে শপথ নেওয়ায় বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদকে অভিনন্দন জানিয়েছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২৫ এপ্রিল কুয়েট ভাইস-চ্যান্সেলর এক অভিনন্দন বার্তায় বলেন, রাষ্ট্রপ্রধান হিসেবে তাঁর ন্যায় একজন বিচক্ষণ ব্যক্তিকে পেয়ে আমরা গর্বিত। জনাব আবদুল হামিদ এর অভিজ্ঞতা দেশকে যে কোন সংকট কাটিয়ে উঠতে সহায়তা করবে। বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে কুয়েট ভাইস-চ্যান্সেলর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জনাব আবদুল হামিদ এর দীর্ঘায়ু ও সুস্থ্যতা কামনা করেন।

## নব-নির্বাচিত কেসিসি মেয়র খালেককে কুয়েট ভিসি'র অভিনন্দন

খুলনা সিটি কর্পোরেশনের (কেসিসি) মেয়র হিসেবে বিপুল ভোটের ব্যবধানে নির্বাচিত হওয়ায় আলহাজ্ব তালুকদার আব্দুল খালেককে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৬ মে এক অভিনন্দন বার্তায় কুয়েট ভিসি বলেন, তালুকদার আব্দুল খালেক খুলনার উন্নয়নে একজন নিবেদিতপ্রাণ নেতা। তাঁর এই বিজয় খুলনা সিটি কর্পোরেশনের বহুমুখী উন্নয়ন ও নাগরিক সুবিধা বৃদ্ধিতে সহায়ক হবে। কুয়েট ভিসি আশাবাদ ব্যক্ত করে বলেন, তালুকদার আব্দুল খালেকের জয়লাভের মাধ্যমে খুলনা সিটি কর্পোরেশন সমৃদ্ধ হবে, মহানগরী হিসেবে খুলনার মর্যাদা এবং নাগরবাসীর নাগরিক সুবিধা বৃদ্ধি পাবে।

## অগ্নি নির্বাপন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত




কুয়েটে অগ্নি নির্বাপন, জরুরী উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) দুই দিনব্যাপী অগ্নি নির্বাপন, জরুরী উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলীর দপ্তরের আয়োজনে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ১৬ ফেব্রুয়ারি শুক্রবার সকাল ০৯টায় প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। তিঁনি বলেন, "আগুন যেমন উপকারী তেমনী একটু অসতর্কতা ভয়াবহ বিপদ ডেকে আনতে পারে। সতর্কতা ক্ষতির পরিমান কমিয়ে দেয়। সকলেরই অগ্নিকান্ড এবং এ বিষয়ক প্রশিক্ষণ ও সাধারণ জ্ঞান থাকা আবশ্যক"। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, সভাপতিত্ব করেন প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ এবং প্রশিক্ষণ প্রদান করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা বিভাগের সহকারী পরিচালক রেজাউল করিম। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের প্রায় অর্ধশত কর্মকর্তা, কর্মচারী অংশগ্রহণ করছেন।

## 'আইসিসিএসটি-কেম ২০১৮' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

(০৩ পৃষ্ঠার পর) দিয়ে বিজ্ঞানের উৎকর্ষ কল্পনা করা যায় না। বাংলাদেশে এখন বিশ্বমানের রসায়নবিদ তৈরী হচ্ছে, যা আমাদেরকে আনন্দিত করে"। উদ্বোধনী অনুষ্ঠান শেষে কীনোট সেশনে স্পীকার হিসেবে সেশন পরিচালনা করেন জাপানের হিরোশিমা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মানাবু আবে। সম্মেলনে ১টি কী-নোট সেশন এবং ১০টি টেকনিক্যাল সেশনে বিভিন্ন দেশের গবেষকদের মোট ৬৬টি টেকনিক্যাল পেপার এবং ১টি পোস্টার সেশনে ১৫৫টি পোস্টার উপস্থাপিত হয়। টেকনিক্যাল সেশনে ৫টি পেপারকে এবং পোস্টার সেশনে ৫টি পোস্টারকে পুরস্কৃত করা হয়। সম্মেলনে জাপান, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, কোরিয়া, ভারত ও বাংলাদেশের পাঁচশতাধিক প্রতিথযশা গবেষক, শিক্ষক ও স্বনামধন্য প্রযুক্তিবিদগণসহ অন্যান্যরা অংশগ্রহন করেন।

# বিভিন্ন বিভাগ/দপ্তরে নতুন শিক্ষক/কর্মকর্তার যোগদান

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### সিএসই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ আমিনুল হক আকন্দ এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিএসই বিভাগের প্রফেসর ড. মোঃ আমিনুল হক আকন্দ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### ইসিই বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইসিই বিভাগের প্রফেসর ড. এ বি এম গত ২৩ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ মাহবুব আলম এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ মাহবুব আলম গত ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে মোঃ ইকরামুল হক এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ ইকরামুল হক গত ০১ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিইসিএম বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### এমএসই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে ড. সাজ্জাদ আহম্মদ এর দায়িত্ব গ্রহণ



ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. সাজ্জাদ আহমেদ গত ২২ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমইএস বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. সোবহান মিয়া এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. সোবহান মিয়া গত ২৯ জুন ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) হিসেবে প্রফেসর ড. কাজী এ বি এম মহীউদ্দিন এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কাজী এ বি এম মহীউদ্দিন অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) হিসেবে গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে জনাব সজল কুমার অধিকারী এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক জনাব সজল কুমার অধিকারী অত্র বিশ্ববিদ্যালয়ের উপ পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### প্রভোষ্ট হিসেবে প্রফেসর ড. আব্দুল মতিন এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর রসায়ন বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. আব্দুল মতিন গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে অমর একুশে হলের প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### প্রভোষ্ট হিসেবে প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিএসই বিভাগের প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### প্রভোষ্ট (ভারপ্রাপ্ত) হিসেবে ড. মোঃ রফিকুজ্জামান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর আইইএম বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ রফিকুজ্জামান গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখ খানজাহান আলী হলের প্রভোষ্ট (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### প্রভোষ্ট (ভারপ্রাপ্ত) হিসেবে ড. কল্যাণ কুমার হালদার এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইইই বিভাগের সহকারী অধ্যাপক ড. কল্যাণ কুমার হালদার গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখ ড. এম এ রশীদ হলের প্রভোষ্ট (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সহকারী প্রভোষ্ট হিসেবে ড. মোঃ ইলিয়াস উদ্দিন এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ ইলিয়াস উদ্দিন গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে ফজলুল হক হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে মাহমুদ পারভেজ এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর আইইএম বিভাগের সহকারী অধ্যাপক মাহমুদ পারভেজ গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে লালন শাহ্ হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে জারিন ফাইরোজ মুন এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইসিই বিভাগের প্রভাষক জারিন ফাইরোজ মুন গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে রোকেয়া হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে তন্ময় চক্রবর্তী এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইউআরপি বিভাগের প্রভাষক তন্ময় চক্রবর্তী গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে অমর একুশে হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে ড. মোঃ আব্দুল হাসিব এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ আব্দুল হাসিব গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে মিজানুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর বিইসিএম বিভাগের প্রভাষক মিজানুর রহমান গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে তুহিন কুমার দে এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক তুহিন কুমার দে গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## সহকারী প্রভোষ্ট হিসেবে মোঃ আব্দুল হাফিজ মিয়া এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর রসায়ন বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আব্দুল হাফিজ মিয়া গত ০৬ মার্চ ২০১৮ ইং তারিখে অমর একুশে হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে ড. মনির হোসেন এর যোগদান



ড. মনির হোসেন গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে ড. শেখ মোঃ রবিউল ইসলাম এর যোগদান



ড. শেখ মোঃ রবিউল ইসলাম গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান এর যোগদান




ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ মাহবুব হাসান এর যোগদান



ড. মোঃ মাহবুব হাসান গত ২০ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৭ মার্চ ২০১৬ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ জহির উদ্দিন এর যোগদান



ড. মোঃ জহির উদ্দিন গত ২০ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৭ মার্চ ২০১৬ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ আতাউর রহমান এর যোগদান



ড. মোঃ আতাউর রহমান গত ২০ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## আর্কিটেকচার বিভাগে অধ্যাপক হিসেবে ড. বায়েজীদ ইসমাইল চৌধুরী এর যোগদান



ড. বায়েজীদ ইসমাইল চৌধুরী গত ২০ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে যোগদান করেন।

### সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. এইচ এম ইকবাল মাহমুদ এর যোগদান



ড. এইচ এম ইকবাল মাহমুদ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১২ জুলাই ২০০৯ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোহাম্মদ ইলিয়াছ ইনাম এর যোগদান



ড. মোহাম্মদ ইলিয়াছ ইনাম গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২০ অক্টোবর ২০১০ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### গণিত বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ আব্দুল মোত্তালিব তালুকদার এর যোগদান



ড. মোঃ আব্দুল মোত্তালিব তালুকদার গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যোগদান করেন।

### সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে সজল কুমার অধিকারী এর যোগদান



সজল কুমার অধিকারী গত ২০ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৮ জুলাই ২০০৭ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোহাম্মদ নাঈমুল হাসান এর যোগদান



মোহাম্মদ নাঈমুল হাসান গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ ডিসেম্বর ২০১৪ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ ইমরুল কায়েস লিমন এর যোগদান



মোঃ ইমরুল কায়েস লিমন গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ ডিসেম্বর ২০১৪ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### গণিত বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ হাসিবুল হক এর যোগদান



মোঃ হাসিবুল হক গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ ডিসেম্বর ২০১৪ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যোগদান করেন।

### আইআইসিটিতে সহকারী অধ্যাপক হিসেবে এম এ মঈন এর যোগদান



এম এ মঈন গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইআইসিটিতে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ ডিসেম্বর ২০১৪ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের আইআইসিটিতে যোগদান করেন।

### সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে বৈশাখী দেব নাথ এর যোগদান



বৈশাখী দেব নাথ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে এ এস এম রিয়াদ এর যোগদান



এ এস এম রিয়াদ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে প্রতীক চন্দ্র বিশ্বাস এর যোগদান



প্রতীক চন্দ্র বিশ্বাস গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মঞ্জুর মোরশেদ এর যোগদান



মঞ্জুর মোরশেদ গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

### রসায়ন বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ আব্দুল হাফিজ মিয়া এর যোগদান



মোঃ আব্দুল হাফিজ মিয়া গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে যোগদান করেন।

### পদার্থ বিজ্ঞান বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে সুমন দেবনাথ এর যোগদান



সুমন দেবনাথ গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে যোগদান করেন।

## ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এ সহকারী অধ্যাপক হিসেবে আনজুম তাসনুভা এর যোগদান



আনজুম তাসনুভা গত ১০ জানুয়ারি ২০১৮তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি খুলনা বিশ্ববিদ্যালয় এর এনভাইরনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিন থেকে বিএসসি ও এমএসসি ডিগ্রী লাভ করেন। তিনি ২০, আলতাপোল লেন খুলনা এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে রুবাইয়াত মোস্তাক এর যোগদান



রুবাইয়াত মোস্তাক গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ মারুফ হোসেন শুভ এর যোগদান



মোঃ মারুফ হোসেন শুভ গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে তাসনীম আজাদ আবীর এর যোগদান



তাসনীম আজাদ আবীর গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## আইইএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে নয়ন চক্রবর্ত্তী এর যোগদান



নয়ন চক্রবর্ত্তী গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইন্ডাষ্টিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইন্ডাষ্টিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগে যোগদান করেন।

## আইইএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মাহমুদ পারভেজ এর যোগদান



মাহমুদ পারভেজ গত ২০ মে ২০১৮তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইন্ডাষ্টিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইন্ডাষ্টিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগে যোগদান করেন।

## টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ সাখাওয়াত হোসেন এর যোগদান



মোঃ সাখাওয়াত হোসেন গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে এস এম আরিফুর রহমান এর যোগদান



এস এম আরিফুর রহমান গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগে যোগদান করেন।

## বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে আবু সাঈদ মোহাম্মদ আকিদ এর যোগদান



আবু সাঈদ মোহাম্মদ আকিদ গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগে যোগদান করেন।

## বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে রুশদী জাহিদ রুশো এর যোগদান



রুশদী জাহিদ রুশো গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে ডাঃ জুবায়ের আহমদ রতন এর যোগদান



ডাঃ জুবায়ের আহমদ রতন গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে মেহেদী হাসান এর যোগদান



মেহেদী হাসান গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি পঞ্চগড় জেলার, দেবীগঞ্জ থানার, বাগদা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে স্নেহাশীষ পাল এর যোগদান



স্নেহাশীষ পাল গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি নেত্রকোনা জেলার, নেত্রকোনা সদর থানার সাতপাই পালপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে নাশরাহ আফরোজ এর যোগদান



নাশরাহ আফরোজ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং লাভ করেন। তিনি জি ১৬/১১, টিএনটি কলোনী, মতিঝিল, ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে মোহাঃ শরিফুল ইসলাম এর যোগদান



মোহাঃ শরিফুল ইসলাম গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মোকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর মোকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি চাপাইনবাবগঞ্জ জেলার, গোমস্তাপুর থানার শামপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে শেখ আকিব শাহরিয়ার এর যোগদান



শেখ আকিব শাহরিয়ার গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি বাড়ী নং ৫৯, বসুপাড়া লেন খুলনা এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে আব্দুল আজিজ এর যোগদান



আব্দুল আজিজ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি জামালপুর জেলার, দেওয়ানগঞ্জ থানার গোয়েরডোবা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে মোঃ ফয়সাল এর যোগদান



মোঃ ফয়সাল গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি ভোলা জেলার, ভোলা সদার থানার উত্তর বাপতা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে নাফিজা তাবাসসুম এর যোগদান



নাফিজা তাবাসসুম গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। ২০/৭২৯, সরকারি বালিকা বিদ্যালয় রোড, আমলাপাড়া, বাগেরহাট-৯৩০০ এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগে প্রভাষক হিসাবে ফারজানা পারভীন এর যোগদান



ফারজানা পারভীন গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি ইষ্ট বারান্দিপাড়া, ২ নং কলোনী, যশোর এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগে প্রভাষক হিসাবে শুভ্রা সিকদার এর যোগদান



শুভ্রা সিকদার গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগ থেকে বিইউআরপি ডিগ্রী লাভ করেন। তিনি ২০৩/4, পাবলা বনিকপাড়া , দৌলতপুর, খুলনা এর এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

### আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে মুনতাহা মার্জান সেতু এর যোগদান



মুনতাহা মার্জান সেতু গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি খুলনা বিশ্ববিদ্যালয়ের এর আর্কিটেকচার বিভাগ থেকে বিআর্ক ডিগ্রী লাভ করেন। বাড়ী -৬১, রোড-০৪, সোনাডাঙ্গা আ/এ (১ম ফেস), খুলনা এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে অপুর্ব কুমার সেন এর যোগদান



অপুর্ব কুমার সেন গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি খুলনা বিশ্ববিদ্যালয় এর আর্কিটেকচার বিভাগ থেকে বিআর্ক ডিগ্রী লাভ করেন। তিনি বাগেরহাট জেলার, ফকিরহাট থানার নলধা গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

### আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে হুমায়রা আলম এর যোগদান



হুমায়রা আলম গত ১৬ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি চুয়েট এর আর্কিটেকচার বিভাগ থেকে বিআর্ক ডিগ্রী লাভ করেন। তিনি ২৫৫২/এস এ টাওয়ার, হাজী নুর আহমেদ সড়ক, খলশী, চট্রগ্রাম এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে মোঃ অনিক হাসান এর যোগদান



মোঃ অনিক হাসান গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি মাদারিপুর জেলার, শিবচর থানার সাতারপার গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে মোঃ মনিরুজ্জামান এর যোগদান



মোঃ মনিরুজ্জামান গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি চুয়াডাঙ্গ জেলার, আলমডাঙ্গ থানার, মাজহাদ গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে আলবেরুনী আজিজ এর যোগদান



আলবেরুনী আজিজ গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি শেরপুর জেলার, ঝিনাইগাতী থানর, গিলাগাছা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### গণিত বিভাগে প্রভাষক হিসাবে খন্দকার মোঃ ইউশা বিন হাফিজ যোগদান



খন্দকার মোঃ ইউশা বিন হাফিজ গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি জাহাঙ্গীনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ থেকে বিএসসি (অনার্স) ও এমএসসি ডিগ্রী লাভ করেন। তিনি রহমাতুল্লা মডেল হাই স্কুল, ৯২, লালবাগ রোড, ঢাকা-১২১১ এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## রসায়ন বিভাগে প্রভাষক হিসাবে মোঃ সাদ্দাম হোসেন এর যোগদান



মোঃ সাদ্দাম হোসেন গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ থেকে বিএসসি ও এমএসসি ডিগ্রী লাভ করেন। তিনি ঠাকুরগাঁও জেলার, পীরগঞ্জ পৌরসভার গুয়াগাঁও গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## মানবিক বিভাগে প্রভাষক হিসাবে তানিয়া হক এর যোগদান



তানিয়া হক গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ ও এমবিএ ডিগ্রী লাভ করেন। তিনি ফরিদপুর জেলার নগরকান্দাস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এ প্রভাষক হিসেবে স্বর্ণা বিনতে কাদির এর যোগদান



স্বর্ণা বিনতে কাদির গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এ প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েটের ইউআরপি বিভাগ থেকে বিইউআরপি ও জার্মান এর স্টুটগার্ট ইউনিভার্সিটি অব এপ্লাইড সায়েন্স থেকে এমএসসি ডিগ্রী লাভ করেন। তিনি ১১/১১ নং ফ্ল্যাট, ইস্টার্ন বনকুঞ্জ-২, বনশ্রী, ব্লক-এ, রামপুরা, ঢাকা এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে মোঃ কায়েসুর রহমান এর যোগদান



মোঃ কায়েসুর রহমান গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েটের ম্যাটেরিয়ালস এন্ড ম্যাট্রোলজিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি নারায়নগঞ্জ জেলার, বন্দর, ২৫৪ চৌধুরীবাড়ী এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসাবে ফাহিম খান এর যোগদান



ফাহিম খান গত ২০ মে ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ম্যাটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েটের ম্যাটেরিয়ালস এন্ড ম্যাট্রোলজিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি টাঙ্গাইল জেলার, ঘাটাইল উপজেলার, গারট্র গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার হিসেবে ড. মোঃ জুলফিকার হোসেন এর যোগদান



ড. মোঃ জুলফিকার হোসেন গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দপ্তরে সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২০ অক্টোবর ২০১০ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ে নির্বাহী প্রকৌশলী হিসাবে যোগদান করেন।

## অতিরিক্ত কম্পট্রোলার হিসেবে মোঃ মনিরুল হক খান এর যোগদান



মোঃ মনিরুল হক খান গত ২০ মে ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর দপ্তরে অতিরিক্ত কম্পট্রোলার যোগদান করেছেন। তিনি গত ০৪ মার্চ ২০১৪ ইং তারিখে ডেপুটি কম্পট্রোলার হিসেবে যোগদান করেন।

## কেন্দ্রীয় লাইব্রেরীতে ডেপুটি লাইব্রেরীয়ান হিসেবে জনাব মোঃ মাহবুবুর রহমান এর যোগদান



মোঃ মাহবুবুর রহমান গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে ডেপুটি লাইব্রেরীয়ান হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২০ অক্টোবর ২০১০ ইং তারিখে সহকারী লাইব্রেরীয়ান হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে যোগদান করেন।

## সহকারী প্রকৌশলী হিসেবে সবুজ রসকার এর যোগদান



সবুজ সরকার গত ০১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দপ্তরে সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৫ আগস্ট ২০১৫ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইআইসিটিতে ইন্টারনেট সার্ভিস অফিসার হিসেবে যোগদান করেন।

## পরীক্ষা শাখায় সেকশন অফিসার (গ্রেড-১) হিসেবে গাজী মোহাম্মদ বরকত উল্লাহ এর যোগদান



গাজী মোহাম্মদ বরকত উল্লাহ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শাখায় সেকশন অফিসার (গ্রেড-১) হিসেবে যোগদান করেছেন।

## কেন্দ্রীয় লাইব্রেরীতে সেকশন অফিসার (গ্রেড-১) হিসেবে পবিত্র কুমার সাহা এর যোগদান



পবিত্র কুমার সাহা গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে সেকশন অফিসার (গ্রেড-১) হিসেবে যোগদান করেছেন।

## পরীক্ষা শাখায় সহকারী প্রোগ্রামার হিসেবে মোঃ আসাফ-উদ্দৌলা গোলাপ এর যোগদান



মোঃ আসাফ-উদ্দৌলা গোলাপ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শাখায় সহকারী প্রোগ্রামার হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর সিএসই বিভাগ থেকে বিএসসি ডিগ্রী লাভ করেন। তিনি রাজশাহী জেলার তানোর থানার বনগাঁ গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## আইআইসিটিতে ইন্টারনেট সার্ভিস অফিসার হিসেবে সুজিত বসু এর যোগদান



সুজিত বসু গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইআইসিটিতে ইন্টারনেট সার্ভিস অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের ইসিই বিভাগ থেকে বিএসসি ডিগ্রী লাভ করেন। তিনি নড়াইল জেলার কালিয়া উপজেলার সরিপপুর গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## কেন্দ্রীয় লাইব্রেরীতে সহকারী প্রোগ্রামার হিসেবে মোঃ আসিফ আঞ্জুম আকাশ এর যোগদান



মোঃ আসিফ আঞ্জুম আকাশ গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে সহকারী প্রোগ্রামার হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিএসই বিভাগ থেকে বিএসসি ডিগ্রী লাভ করেন। তিনি মুজগুনি আবাসিক এলাকা, রোড নং-১৫, বাড়িনং-১৯৬ (৩য় তলা), খুলনা। এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## শিক্ষক/কর্মকর্তাদের উচ্চতর ডিগ্রি অর্জন

### মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব কাজী মোস্তাফিজুর রহমান এর পিএইচডি ডিগ্রী অর্জন

কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব কাজী মোস্তাফিজুর রহমান গত ২৩ মার্চ ২০১৮ ইং তারিখে জাপানের ওকাইয়ামা (Okayama) বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Experimental Investigation and CFD Simulation of Mixture Formation and Combustion in Hydrogen Direct Injection Spark-Ignition Engine".

### ইএসই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হাসান আলী এর পিএইচডি ডিগ্রী অর্জন

কুয়েটের এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হাসান আলী গত ২৪ মার্চ ২০১৮ ইং তারিখে জাপানের সাগা (Saga) বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Experimental and Numerical Analysis of Performance of Ground Heat Exchangers for Ground Source Heat Pump".

### ইইই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ মাসুদ রানা এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট)-এর ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ মাসুদ রানা গত ০৪ মে ২০১৮ ইং তারিখে কুয়েটের ইইই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তার গবেষণার বিষয় ছিল- Study on Vibrational Properties of Disordered Bilayer Graphene.

### সিএসই বিভাগের প্রভাষক জনাব অনিমেষ কুমার পাল এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক জনাব অনিমেষ কুমার পাল গত ১৪ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে কুয়েটের সিএসই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তার গবেষণার বিষয় ছিল- Gene Ontology Semi-supervised Clustering for Prediction of Genes

### সহকারী প্রকৌশলী মোঃ রাজিব সরদার এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সহকারী প্রকৌশলী মোঃ রাজিব সরদার গত ০৩ জানুয়ারি ২০১৮ ইং তারিখে কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে এম.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তার গবেষণার বিষয় ছিল- "Strength Weakness, Opportunity and Threat Analysis of Solid Waste Management at KUET Campus"

## অ্যাওয়ার্ড

- কুয়েটের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব মীর্জা মোঃ শাহরিয়ার মাসউদ গত ২৫ এপ্রিল ২০১৮ ইং তারিখে ইউএসএ এর মিসোওরি-কানসাস সিটি (Missouri-Kansas City) বিশ্ববিদ্যালয় থেকে "আউট স্টান্ডিং পিএইচডি স্টুডেন্ট এ্যাওয়ার্ড" অর্জন করেছেন।
- কুয়েটের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রভাষক জনাব অমিত কুমার পোদ্দার গত ২৫ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত "প্রধানমন্ত্রী গোল্ড মেডেল ২০১৫-২০১৬" অর্জন করেন।

## ৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে আলোর মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত



কুয়েটে '৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে মোমবাতি হাতে আলোর মিছিল করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) '৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে ২৫ মার্চ সন্ধ্যায় আলোর মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারের নেতৃত্বে মোমবাতি হাতে আলোর মিছিলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। আলোর মিছিলটি স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষীণ শেষে একই স্থানে এসে শেষ হয়। আলোর মিছিল শেষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। অনুষ্ঠানে পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন রেজিস্ট্রার জি এম শহিদুল আলম ও বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান।

## কুয়েটে নির্মিত হচ্ছে বঙ্গবন্ধু স্কয়ার



কুয়েটে বঙ্গবন্ধু স্কয়ারের লে আউট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নির্মিত হচ্ছে 'বঙ্গবন্ধু স্কয়ার'। ৩০ মে বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামের সম্মুখে পূর্ব প্রান্তে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বঙ্গবন্ধু স্কয়ারের লে আউট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন প্রমুখ। উল্লেখ্য, কুয়েটের বঙ্গবন্ধু স্কয়ারে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য নির্মিত হবে।

## শোকে স্তব্ধ কুয়েট, নাফেরার দেশে চার মেধাবী শিক্ষার্থী

(২৭ পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস বন্ধ ছিলো। উল্লেখ্য, খবর শোনার পরই ২৫ মার্চ আহতদের দেখতে ঢাকা মেডিকেলের বার্ণ ইউনিটে ছুটে যান বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ঢাকায় অবস্থানরত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধানসহ বেশ কয়েকজন শিক্ষক ও শিক্ষার্থী হাসপাতালে অবস্থান করে চিকিৎসার সবধরণের সহযোগিতা নিশ্চিত করেন। কিন্তু সব চেষ্টা বিফল করে সকলকে চোখের জলে ভাসিয়ে চির বিদায় নেয় কুয়েটের মেধাবী চার শিক্ষার্থী। দুর্ঘটনার সঠিক কারণ উদঘাটন এবং ভবিষ্যতে আইনগত সুবিধার বিষয়টি বিবেচনায় রেখে এ বিষয়ে বিস্তারিত তদন্তের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি, বিসিএসআইআর এর বিশেষজ্ঞ কর্মকর্তা এবং এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমন্বয়ে ৭ (সাত) সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

নিহত চার শিক্ষার্থীর আত্মার মাগফিরাত ও শান্তি কামনায় ০৫ এপ্রিল বিকালে দোয়া ও প্রার্থনা অনুষ্ঠিত হয়েছে। এসময় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রতি পরিবারের নিকট আর্থিক সাহায্যের চেক হস্তান্তর করা হয়। এসময় নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল ও প্রার্থনা অনুষ্ঠিত হয়। পরিচালক (ছাত্র কল্যাণ) কার্যালয়ের ছাত্র কল্যাণ কমিটির আয়োজনে অনুষ্ঠানে খুলনা-৩ আসনের সংসদ সদস্য বেগম মন্নুজান সুফিয়ান, কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আবদুল জলিল, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়াসহ রাজনীতিবিদ, বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, প্রাক্তন শিক্ষার্থীগণ এবং সংশ্লিষ্ট বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি ও ছাত্র কল্যাণ কমিটির আহ্বায়ক মোঃ আবুল হাসান শোভন।

## খেলাধুলা মেধা বিকাশে সহায়ক শক্তি হিসেবে কাজ করে

### -কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

"খেলাধুলা মেধা বিকাশে সহায়ক শক্তি হিসেবে কাজ করে। তাই লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের খেলাধুলাও চালিয়ে যেতে হবে।" ২২ এপ্রিল রবিবার বিকাল সাড়ে ৪টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিভিন্ন হলের প্রভোষ্ট ও সহকারী প্রভোষ্ট, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী উপস্থিত ছিলেন।

## 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



কুয়েটে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। কুয়েটের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের আয়োজনে ১৬ মে বুধবার বিকাল সাড়ে ৫ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভিসি বলেন, সফলভাবে মহাকাশে এই স্যাটেলাইট উৎক্ষেপণের ফলে বাংলাদেশ এক অনন্য উচ্চতায় পৌঁছেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফল নেতৃত্বে বাংলাদেশকে ডিজিটাল দেশে রূপান্তরিত করার ক্ষেত্রে 'বঙ্গবন্ধু-১' স্যাটেলাইট অনেক বড় ভূমিকা পালন করবে। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক। সেমিনারে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন ইইই বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ জাহেদুল ইসলাম এবং ড. মোঃ জহিরুল ইসলাম। সেমিনারে সভাপতিত্ব করেন ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান।

## কুয়েটে পবিত্র ঈদ-উল-ফিতর এর জামাত অনুষ্ঠিত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) পবিত্র ঈদ-উল-ফিতর এর জামাত ১৬ জুন শনিবার সকাল সাড়ে ৮টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠিত হয়েছে। ঈদের জামাতে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরসহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী, এলাকাবাসী উপস্থিত ছিলেন। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে কুয়েটের ভাইস-চ্যান্সেরর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর সকলকে শুভেচ্ছা জানান।

## শোকে স্তব্ধ কুয়েট, নাফেরার দেশে চার মেধাবী শিক্ষার্থী

### আত্মার মাগফিরাত ও শান্তি কামনা, পরিবারের নিকট আর্থিক সাহায্যের চেক হস্তান্তর



মোঃ তৌহিদুল ইসলাম



মোঃ হাফিজুর রহমান



মোঃ শাহীন মিয়া



দিপ্ত সরকার


২৫ মার্চ রবিবার রাত ১টায় ময়মনসিংহের ভালুকায় বিস্ফোরন জনিত দূর্ঘটনায় কুয়েটের চারজন মেধাবী শিক্ষার্থী নিহত হয়। ২০১৩-১৪ শিক্ষাবর্ষের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শেষবর্ষের চার জন শিক্ষার্থী গত ১০ মার্চ ২০১৮ তারিখ থেকে ০৫ এপ্রিল ২০১৮ তারিখ পর্যন্ত স্কয়ার গ্রুপের একটি টেক্সটাইল মিলে এক মাসের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের (ইন্টার্নি) জন্য ময়মনসিংহের ভালুকার মাষ্টার বাড়ি এলাকার একটি ৬ তলা ভবনের ৩য় তলায় অবস্থান করছিল। দূর্ঘটনায় ঘটনাস্থলেই নিহত হয় মোঃ তৌহিদুল ইসলাম। দূর্ঘটনায় গুরুতর দগ্ধ হয়ে ঢাকা মেডিকেলের বার্ণ ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় ২৮ মার্চ বুধবার রাতে



ময়মনসিংহের ভালুকায় বিস্ফোরন জনিত দূর্ঘটনায় কুয়েটের চারজন মেধাবী শিক্ষার্থীদের পরিবারের নিকট আর্থিক সাহায্যের চেক হস্তান্তর করেন খুলনা-৩ আসনের সংসদ সদস্য বেগম মন্নুজান সুফিয়ান।

মোঃ শাহীন মিয়া, ২৯ মার্চ বৃহস্পতিবার রাতে মোঃ হাফিজুর রহমান এবং ৩০ মার্চ শুক্রবার সকালে দিপ্ত সরকার এর মৃত্যু হয়। বিশ্ববিদ্যালয়ের চার মেধাবী শিক্ষার্থীর অকাল প্রয়াণে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ বিশ্ববিদ্যালয় পরিবার গভীরভাবে শোকাহত। এক শোক বিবৃতিতে কুয়েট ভাইস-চ্যান্সেলর শিক্ষার্থীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। চার শিক্ষার্থীর অকাল মৃত্যুর ঘটনায় বিশ্ববিদ্যালয়ে ৩১ মার্চ থেকে ০২ এপ্রিল পর্যন্ত তিন দিনের শোক ঘোষণা করা হয়। এসময় (২৬ পৃষ্ঠায় দেখুন)

# ‘শহীদ মিনার’ উদ্বোধন এবং ‘আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার’ এর ভিত্তিপ্রস্তর স্থাপন



খুলনা সার্কিট হাউজ থেকে ডিজিটাল পদ্ধতিতে কুয়েটের ‘শহীদ মিনার’ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নব নির্মিত ‘শহীদ মিনার’ এর শুভ উদ্বোধন এবং ‘আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার’ এর নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন ০৩ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ শনিবার অনুষ্ঠিত হয়। খুলনা সার্কিট হাউজ থেকে ডিজিটাল পদ্ধতিতে ‘শহীদ মিনার’ উদ্বোধন ও ‘আইটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার’র নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানসমূহে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ সংশ্লিষ্টগণ উপস্থিত ছিলেন। “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সুবিধাদি উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অধীনে ১০০.০০ লক্ষ টাকা ব্যয়ে ২২২২ বর্গ মিটার এরিয়ার উপর ১১.৯৮ মিটার উচ্চতা বিশিষ্ট শহীদ মিনারের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। গত ২৪ জুলাই ২০১২ খ্রিঃ তারিখে একনেক বৈঠকে ঐ অর্থ বছরের প্রথম সভায় ৫,২১২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সুবিধাদি উন্নয়ন” শীর্ষক যে প্রকল্পটি অনুমোদিত হয় তার মাধ্যমে শহীদ মিনারের নির্মাণ কাজ শুরু হয়। (১৭ পৃষ্ঠায় দেখুন)

# “বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ সবসময়ের জন্য প্রাসঙ্গিক”

-কুয়েট ভাইস-চ্যান্সেলর




ঐতিহাসিক ০৭ মার্চ পালন উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ০৭ মার্চের ভাষণ “বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য” হিসেবে ইউনেস্কো কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বাঙ্গালী জাতির ঐতিহাসিক দিনটি পালন উপলক্ষে বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, “বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ সবসময়ের জন্য প্রাসঙ্গিক। আমাদেরকে তাঁর ভাষণকে উপলব্ধি করতে হবে। স্বাধীনতার চেতনাকে ধারণ এবং প্রতিপালন করতে হবে। ৭ মার্চের ভাষণ থেকে শিক্ষা নিয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়তে হবে। আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের (১৩ পৃষ্ঠায় দেখুন)

# “আমরা প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়বো”

- জুনাইদ আহ্‌মেদ পলক



কুয়েটে ‘হাই ডেফিনেশন ভিজুয়াল কম্পিউটিং এন্ড মাল্টিমিডিয়া ল্যাব এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি।

“আমরা প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়বো। দেশের তরুণ সমাজ এর নেতৃত্ব দেবে। দেশের ৫০ লক্ষ তরুন যুবকের কর্মসংস্থান তারা নিজেরাই করবে। অল্প কয়েক বছরের মধ্যেই বাংলাদেশ থেকে তথ্য প্রযুক্তির বিভিন্ন উপকরণ বিদেশে রপ্তানী হবে। বঙ্গবন্ধুর সোনার বাংলা এবং শেখ হাসিনার উন্নত বাংলাদেশ গঠনে তথ্য প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে”। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটির অর্থায়নে ১ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) স্থাপিত ‘হাই ডেফিনেশন ভিজুয়াল কম্পিউটিং এন্ড মাল্টিমিডিয়া ল্যাব’র এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় কথাগুলো বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি। ০৩ মার্চ শনিবার সকাল সাড়ে ৮টায় বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন (০৬ পৃষ্ঠায় দেখুন)

# উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ বরণ



কুয়েটে পহেলা বৈশাখ ১৪২৫ “শুভ নববর্ষ” উদ্‌যাপন উপলক্ষ্যে মঙ্গল শোভাযাত্রায় নেতৃত্ব দেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) পহেলা বৈশাখ ১৪২৫ “শুভ নববর্ষ” উৎসবমুখর পরিবেশে দিনব্যাপী জাঁকজমকপূর্ণ নানাবিধ কর্মসূচি পালনের মাধ্যমে উদ্‌যাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত কর্মসূচীর মধ্যে সকাল ৮টা থেকে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে রকমারী আয়োজনে সাজানো বৈশাখী মেলা। বৈশাখী মেলায় বিশ্ববিদ্যালয়ের সকল হলের অংশগ্রহণে খাঁটি দেশীয় খড়মাটির কুঠি বানিয়ে দেশীয় ঐতিহ্যের পান্তা-মরিচ ভাজি, গ্রাম বাংলার ষড়ঋতুর আকর্ষনীয় বিভিন্ন আয়োজন, দেশীয় পিঠা তৈরী ও প্রদর্শনী ইত্যাদি নানাবিধ বর্ণিল আয়োজন করা হয়। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর স্টলগুলো ঘুরে দেখেন এবং দেশীয় বিভিন্ন খাবারের স্বাদ গ্রহণ করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীরা উপস্থিত ছিলেন। খেলার মাঠে সকাল (১১ পৃষ্ঠায় দেখুন)


## প্রকাশনা কমিটি

| | | |
|---|---|---|
| প্রফেসর ড. সোবহান মিয়া<br>প্রফেসর, এমই বিভাগ | - | সভাপতি |
| মোঃ এস্রাজ-উল-জান্নাত<br>সহকারী অধ্যাপক, ইউআরপি বিভাগ | - | সদস্য |
| মোঃ সাকিব গালিব সৌরভ<br>সহকারী অধ্যাপক, ইইই বিভাগ | - | সদস্য |
| প্রীতম কুমার মণ্ডল<br>সহকারী অধ্যাপক, আইইএম বিভাগ | - | সদস্য |
| মনোজ কুমার মজুমদার<br>পাবলিক রিলেশনস অফিসার | - | সদস্য-সচিব |

প্রকাশনা কমিটি কর্তৃক জনসংযোগ ও তথ্য শাখা থেকে প্রকাশিত।